- The Department head/Factory head will conduct orientation session among the employees to raise the awareness, understanding importance and motivate to follow this policy.
- HRM and FHRO will monitor and supervise whether staffs are aware about the policy and/or the policy is being implemented in all level in all time even in outdoor activities.
- If any employee is found involved or exercise any of the above mentioned activities, management will take strict action against him or her. Again such issue will be used as a case study to aware concern supervisor, staff or managers through training conducted by T&OD.
- Factory/Department head will take effective steps to prevent repetition of such occurrence.

Prepared by.....

Approved by.....



Part Two



Operational

 Guideline

তৈরী পোষাকের কোয়ালিটি কন্ট্রোল সংক্রান্ত দিক নির্দেশনা

(ডিরেক্টর এ্যান্ড সি.ও. স্যার কর্তৃক প্রণীত)

তৈরী পোষাক উৎপাদন ও রপ্তানী ব্যবস্থাপনায় কোয়ালিটি কন্ট্রোল বা মান নিয়ন্ত্রন একটি অতি গুরুত্বপূর্ণ বিষয়। টার্গেট অনুযায়ী উৎপাদন, সময়মত উৎপাদন, ব্যয় ও মান নিয়ন্ত্রন এই হচ্ছে ব্যবসার মূল বিবেচ্য বিষয়। কোয়ালিটি কন্ট্রোলের ব্যাপারে আমাদের দীর্ঘদিনের সমস্যা ও অভিজ্ঞতার আলোকে নিম্নলিখিত নির্দেশাবলী গত ১৫/১৬ বৎসরে বিভিন্ন সময়ে আমি অনেকবার জারি করেছি। সাম্প্রতিক সময়ে বহু কর্মকর্তা ও কর্মচারী এই নতুন ডিপার্টমেন্টে নিযুক্ত হয়েছেন। তাই তৈরী পোষাকের সঠিক মান নিয়ন্ত্রন ব্যবস্থা নিশ্চিত করতে এই নির্দেশনা আপনাদের অনুসরণ করার জন্য পুনরায় সরবরাহ করা হল।

কোন লাইনে অর্ডার নেয়ার আগে সম্ভব হলে ফেব্রিক ও এক্সেসরিজ সেন্ট্রাল গোডাউনে নামার সাথে সাথেই ইন্ভেন্টরী করাতে হবে এবং সেগুলির কোয়ালিটি রিপোর্ট সংগ্রহ করে প্রয়োজন অনুযায়ী ব্যবস্থা গ্রহন করতে হবে।

১. ষ্টোরে ফেব্রিক রাখার সময় ডায়ালট অনুযায়ী রাখিবেন। আমাদের নিজস্ব মিলের ফেব্রিক হলে ডায়ালট অনুযায়ী যেন রিব, কাফ কলারের ডায়িং করা হয় নতুবা ম্যাচিং হবে না।
২. একটি নতুন অর্ডার আরম্ভের পূর্বে প্রধানত যাহা চেক করবেন তাহা নিম্নরূপঃ
 - ক) ফেব্রিকের কোয়ালিটি কি রকম।
 - খ) সুতা ও অন্যান্য এক্সেসরিজ ঠিক আছে কিনা।
 - গ) ফেব্রিক, বাটন ও জিপার মান সম্পন্ন আছে কিনা।
 - ঘ) কনজাম্পশনের কাপড়, রিব, কলার ও এক্সেসরিজ ও কন্ট্রাস্ট এর কাপড় যা পরিমাণে কম লাগে তাদের পরিমাণ ও কোয়ালিটি ঠিক আছে কিনা।
 - ঙ) বাটন, জিপার, সুতা বা কোন এক্সেসরিজ হতে কালার বিল্ডিং বা রং উঠে কিনা।
৩. কোন অর্ডার লাইনে ঢোকান কমপক্ষে ০৫ দিন পূর্বে অর্ডারটি সম্পর্কে ম্যানেজারের নিকট হতে প্রয়োজনীয় তথ্য সংগ্রহ করে যা করণীয় তা সম্পর্কে মানসিক প্রস্তুতি নিবেন ও একটি পিপি মিটিং এর ব্যবস্থা করবেন এবং সেই মিটিং-এ ফ্যাক্টরী ম্যানেজার/ প্রডাকশন ম্যানেজার, কোয়ালিটি ম্যানেজার/ ইনচার্জ, স্টোর অফিসার, ফিনিশিং ইনচার্জ, কাটিং ইনচার্জ এবং ফ্যাক্টরী ও হেড অফিসের মার্চেন্টাইজারগণ উপস্থিত থাকিবেন।
৪. অর্ডার চলাকালীন সময়ে যে প্রসেসে যে কোয়ালিটি স্টাফ দায়িত্বে থাকবে তাদেরকে ঐ প্রসেস সম্পর্কে সঠিকভাবে বুঝিয়ে দিবেন।
৫. বায়ারগন কোন স্যাম্পল অনুমোদন করার পূর্বে যে সাইড কমেন্ট দেন তা মার্কার কলম দিয়ে স্যাম্পলের গায়ে হাইলাইট করতে হবে, তাহা হইলে ভুল হবার সম্ভাবনা কমে যায় এবং অপরদিকে বায়ারের নির্দেশনা সমূহ ১০০% বাস্তবায়ন করা সম্ভব হয়।
৬. অবশ্যই গার্মেন্টস টেস্ট রিপোর্ট অনুসরণ করতে হবে এবং ট্রিম কার্ড অবশ্যই হেড অফিস মার্চেন্টাইজার কর্তৃক অনুমোদন করাতে হবে।
৭. হেড অফিস হতে কারখানায় কনজাম্পশন নিশ্চিত করবেন। ফেব্রিক কনজাম্পশন ও সাইজসেট নিশ্চিত না করে বাল্ক কাটিং নিশ্চিত না করিয়া বাল্ক কাটিং আরম্ভ করা যাবে না।
৮. ম্যানেজার ও সুপারভাইজারকে নিয়া সঠিক মেশিন লে-আউট তৈরী করবেন সাইজসেট তৈরী করে বায়ারের অনুমোদন নিবেন ও সংশ্লিষ্ট ম্যানেজার, সুপারভাইজার ও কোয়ালিটি কন্ট্রোলারদের সাথে বিশদভাবে আলোচনার মাধ্যমে কিভাবে কোয়ালিটি নিশ্চিত করতে হবে সে সম্পর্কে নিজে বুঝবেন ও সকলকে ইহার উপর ধারণা দিবেন।
৯. সাইজসেট বায়ারের নিকট পাঠাইবার পূর্বে এফএম/ পিএম/ কোয়ালিটি ম্যানেজার/ ইনচার্জ কে নিয়া আপনি নিজে চেক করে বায়ারের নিকট পাঠাবেন। এ কাজটি অন্য কাউকে দিয়ে করাবেন না। প্রয়োজনে সংশ্লিষ্টদের নিকট হতে কোন পরামর্শ থাকলে তা বিবেচনা করবেন।
১০. স্বল্প সংখ্যক কাটিং দিবেন ও সংশ্লিষ্ট সকলকে নিয়ে পুনরায় কোয়ালিটি নিশ্চিত করবেন। প্রথম কাটিংএর মালের আউটপুট হওয়া মাত্র ওয়াশ গার্মেন্টস হলে ওয়াশ করে আয়রন করতে হবে পরবর্তীতে মেজারমেন্ট করে শেষবারের মত প্যাটার্ন ফাইনাল করবেন। আপনার অভিজ্ঞতাসারে যেন কোন প্যাটার্ন রদবদল না হয়।
১১. স্প্রেডিং করার সময় খেয়াল রাখতে হবে ফেব্রিক ঠিকমত রিলাক্সে স্প্রেডিং করছে কিনা, প্লাই মিস এলাইনমেন্ট ও ভুল ডিরেকশনে হচ্ছে কিনা, ফেব্রিকে কোন শেড আছে কিনা। স্প্রেডিং এর সময় QI ফেব্রিকের ডিফেক্টগুলি সনাক্ত করবে ও ট্রিকার দ্বারা মার্ক করবে।

১২. কাজ শুরু করার পূর্বে কোয়ালিটি সংক্রান্ত সমস্যাগুলির পরিভাষা সম্মন্ধে সঠিকভাবে জ্ঞাত হবেন। এই পরিভাষার কিছু এখানে উল্লেখ করা হল। বাকি গুলি কর্মকালীন সময়ে শিখবেন এবং সার্বক্ষণিক মনে রাখিবেন।

১.শেডিং	২.স্পট/ অয়েল মার্ক	৩.পকেট পেণ্ডসমেন্ট	৪. বন পকেট
৫. হেম	৬. জাম্প স্টিচ	৭. পাকারিং	৮. কেয়ার লেবেল
৯. সাইজ লেবেল	১০. এম্বডায়ারী কোয়ালিটি ও প্লেসমেন্ট	১১. ওয়াশিং কোয়ালিটি	১২. আনকাট থ্রেড
১৩. লুজ থ্রেড	১৪. মেজারমেন্ট-ওয়াশের আগে পরে	১৫. ইন সিম	১৬.আউট সিম
১৭ ব্যান্ড এটাচমেন্ট	১৮.আফটার ওয়াশ শ্রিংকেজ	১৯. কালার ব্যান্ড	২০. জিপার এটাচমেন্ট
২১.ভুল এসটমেন্ট	২২. লেবেল মিসটেক	২৩. ওয়ে মিসটেক	২৪. মার্কিং মিসটেক
২৫. বাটন ষ্টিচিং	২৬. রং সুইং থ্রেড	২৭. প্যাটার্ন অনুযায়ী ইনলে	২৮. নাম্বারিং মিসটেক.
২৯. হিটসিল লেবেল	৩০. প্রিন্টিং কোয়ালিটি	৩১. সঠিক নিডল সাইজ	৩২. ষ্টাইল মিসটেক
৩৩. প্রিন্টিং পেণ্ডসমেন্ট	৩৪. কাট প্যানেল মিসটেক	৩৫. সঠিক বার ট্যাগ ও বাটন হোল সাইজ	
৩৬. হ্যাং ট্যাগ ও প্রাইজ টিকেট মিসটেক ইত্যাদি।			

১৩. কাটিং হইতেই সব ধরনের কোয়ালিটি নিশ্চিত করতে হবে এবং সুইং হইতে ফিনিশিং পর্যন্ত ইন্সপেকশনের জন্য প্রতিদিন যে গার্মেন্টস যাবে তাহাতে অল্টার কোন অবস্থাতেই যেন দুই থেকে আড়াই শতাংশের অধিক না হয় (ফাইনাল ইন্সপেকশন AQL-2.5)।

১৪. কোয়ালিটি নিশ্চিত করনের ব্যাপারে ৪টি M এর বিষয় সর্বদা মনে রাখবেনঃ

- **M-Man (মানুষ):** কোয়ালিটি নিশ্চিত করার জন্য অপারেটর, কোয়ালিটি কন্ট্রোলার ও সুপারভাইজার এর দক্ষতা অপরিহার্য। কোয়ালিটি কন্ট্রোল কার্যক্রমের সংগে জড়িত ব্যক্তিদের অদক্ষতার কারণে উৎপাদিত পণ্যের কোয়ালিটি ব্যহত হতে পারে। সুতরাং কোয়ালিটি কন্ট্রোল প্রক্রিয়ায় জড়িত ব্যক্তিবর্গ বা মানুষ অত্যন্ত গুরুত্বপূর্ণ বিষয়।
- **M-Machine (মেশিন):** পোষাক তৈরীর ক্ষেত্রে মেশিন অত্যন্ত গুরুত্বপূর্ণ ও অপরিহার্য উপাদান। সুতরাং কোয়ালিটি কন্ট্রোলার জন্য অবশ্যই উপযুক্ত ও কার্যকর মেশিনের ব্যবহার নিশ্চিত করতে হবে। কারন কোন মেশিন ত্রুটিপূর্ণ হলে অন্য সব বিষয় সঠিক থাকলেও কোয়ালিটি নিশ্চিত করা সম্ভব হয় না।
- **M-Materials (কাঁচামাল):** কোয়ালিটি পণ্য উৎপাদনের পূর্বশর্ত হচ্ছে সঠিক ও মান সম্মত কাঁচামালের ব্যবহার। ব্যবহৃত কাঁচামাল সমূহের কোনটি যদি ত্রুটিপূর্ণ থাকে তাহলে কোয়ালিটি নিশ্চিত করা সম্ভব হবে না।
- **M-Management (ব্যবস্থাপনা):** উৎপাদনের জন্য প্রয়োজনীয় লোকবল কাঁচামাল ও মেশিন সরবরাহ হলেও পণ্যের কোয়ালিটি নির্ভর করে এসবের সঠিক ব্যবহার ও ব্যবস্থাপনার উপর। কোন একটি অর্ডারের সামগ্রিক ব্যবস্থাপনা যদি ত্রুটিপূর্ণ থাকে তাহলে সময়মত উৎপাদন ও কোয়ালিটি নিশ্চিত করা সম্ভব নয়। দুর্বল ব্যবস্থাপনার কারণে বিভিন্ন সেকশন ও ডিপার্টমেন্টের মধ্যে সমন্বয়হীনতা ও অপচয়ের ফলে উৎপাদন জনিত ব্যয় বৃদ্ধি পাবে ও অর্ডারে লোকসান হবে।

১৫. কোন অর্ডারের কাটিং শুরু করার আগে অবশ্যই অনুমোদিত কাটিং অর্ডার থাকতে হবে এবং তাহা কোয়ালিটি স্টাফগণ সঠিকভাবে দেখে নিবেন।

১৬. প্রথম কাটিং এর মালটি লাইনে চলাকালীন প্রতিটি অপারেশনে সঠিক অপারেটর এবং সঠিক মেশিন সরবরাহ নিশ্চিত করবেন এবং কোয়ালিটিজনিত সমস্যা সমাধান করিবেন।

১৭. রেশিও এবং কালার অনুযায়ী মাল কাটা হচ্ছে কি না তাহা নিশ্চিত করবেন।

১৮. কঠিন অপারেশন গুলিতে নিবিড়ভাবে তদারকি করবেন এবং আপনাদের টিমের সঙ্গে আলোচনা ও যোগাযোগ করবেন এবং সুপারভাইজার, লাইনচীফ এবং Production Manager এর নিকট প্রয়োজন অনুযায়ী সাহায্য সহযোগিতা নিবেন।

১৯. কোন কালারে শেড বেশী হলে যে কয়েকটি শেড বায়ার পাশ করে দিবেন সেই অনুযায়ী সতর্ক দৃষ্টি রাখিবেন এবং সময়মত শেড ব্যান্ড অনুমোদন নিশ্চিত করবেন।

২০. কোয়ালিটি কন্ট্রোলারদের রিপোর্টগুলি নিয়মিত দেখিবেন এবং উক্ত রিপোর্টে আপনার মন্তব্যসহ স্বাক্ষর করিবেন এবং যথাবিহীন ব্যবস্থা গ্রহণ করিবেন। বায়ারদের চাহিদা অনুযায়ী ডিফেক্ট বা ত্রুটি প্রথম হতেই নিয়ন্ত্রণে রাখিবেন এবং তার হিসাব ও আন্দাজ রাখিবেন।

২১. প্রডাকশন চলাকালীন সময়ে কোয়ালিটির ব্যাপারে কারখানা এবং হেড অফিস মার্চেন্টাইজিং প্রধান এ অর্ডারের জন্য নিয়োজিত ফ্যাক্টরী এবং হেড অফিসের উর্ধ্বতন কোয়ালিটি স্টাফদের সাথে সার্বক্ষণিক যোগাযোগ, প্রয়োজনীয় তথ্য সরবরাহ ও পরামর্শ গ্রহণ করবেন। যেমন: ১. কোয়ালিটিতে গুরুতর সমস্যা ২. প্রডাকশন ও ফিনিশিং রেকর্ড ৩. কাঁচামাল ও এক্সেসরিজ ৪. ম্যানেজার বা সংশ্লিষ্ট স্টাফদের অবহেলা বা অসহযোগিতার বিষয় থাকলে তাহা অবগত করবেন ও পরামর্শ গ্রহণ করে কাজ করবেন।

২২. প্রতিটি অর্ডারেই প্রি- প্রোডাকশন মিটিং বাধ্যতামূলক। যদি কোন কারণে কোন অর্ডারের প্রি-প্রোডাকশন মিটিং না হয়, তাহলে হেড অফিসের ডাইরেক্টর প্রডাকশন প্লানিং ও কিউ এ এবং সংশ্লিষ্ট অর্ডারের দায়িত্বে থাকা হেড অফিস মার্চেন্টাইজারকে লিখিতভাবে অবহিত করবেন।
২৩. কোন অর্ডারে যদি প্রিন্ট, হিট সীল,এমব্রয়ডারী বা ওয়াশ থাকে তাহা হলে প্রাথমিকভাবে বিভিন্ন সাইজ ও কালারের একজন কাপড় কেটে প্রিন্ট, হিট সীল এমব্রয়ডারী বা ওয়াশ করে এবং আয়রণ করে চেক করবেন এবং কোয়ালিটি ও প্রডাকশনজনিত কোন সমস্যা থাকলে উক্ত সমস্যা নিরূপণ করে সংশোধনের ব্যবস্থা গ্রহণ করবেন। সেই সঙ্গে প্রিন্ট বা এমব্রয়ডারীর সাপ্লাই নিশ্চিত করার জন্য উভয় কারখানার সাথে পরিকল্পনা ও সমন্বয় সাধন করতে হবে।
২৪. প্রোডাকশন চলাকালীন কাটিং, ওয়াশিং, প্রিন্টিং, হিট সীল, ফিনিশিং বা এমব্রয়ডারী হতে কোন সমস্যা পেলে তাহা তাৎক্ষণিকভাবে সমাধান করবেন। প্রয়োজনে সেখানে সার্বক্ষণিক কোয়ালিটি কন্ট্রোলার রেখে কোয়ালিটি নিশ্চিত করবেন। তাতে ঝামেলা কমবে।
২৫. ফিনিশিং এর কোয়ালিটি একই ভাবে নিশ্চিত করবেন।
২৬. পলিকৃত মাল এবং দৈনিক ভিত্তিতে কার্টুনকৃত মাল আপনি নিজে অথবা আপনার দক্ষ কোয়ালিটি কন্ট্রোলার দ্বারা অডিট করে সেই কার্টুনগুলিকে নামারিং করে আপনি স্বাক্ষর করে উহা সিল করবেন। যাতে শিপমেন্ট এর দিন সমস্ত মালামাল কোন কারণে রিচেকে না পড়ে।
২৭. হ্যাং ট্যাগ, প্রাইজ ট্যাগ সহ সকল ফিনিশিং এক্সেসরিজ এর সোয়াচ বোর্ড মার্চেন্টাইজার থেকে এ্যাপ্রোভ করে নিতে হবে এবং সে অনুযায়ী গার্মেন্টস এ লাগাতে হবে।
২৮. গার্মেন্টস এর ফোল্ডিং, প্যাকিং এবং এসটম্যান্ট সঠিক আছে কিনা তা নিশ্চিত করতে হবে।
২৯. বায়ারের রিকোয়ারম্যান্ট অনুযায়ী সকল গার্মেন্টস মেটাল ডিটেক্টর মেশিনের মধ্য দিয়ে পাস করতে হবে।
৩০. মনে রাখবেন, শুধু সমস্যা চিহ্নিত করলেই দায়িত্ব শেষ হবে না। সংশ্লিষ্ট স্টাফদের সমস্যার সমাধান দিতে হবে। সংশ্লিষ্ট বিভিন্ন সেকশনের ইনচার্জদেরকে নিয়ন্ত্রণ করে কোয়ালিটি আদায় করে নিবেন।
৩১. যেই সব অর্ডার সামগ্রিক বা আংশিকভাবে বাহিরের ফ্যাক্টরীতে সাব কন্ট্রাস্ট করানো হয় সেই সব অর্ডারের কোয়ালিটির ব্যাপারে উপরোক্ত নিয়মে নিবিড় তদারকি নিশ্চিত করবেন। প্রয়োজনে ফ্যাক্টরী ও হেড অফিসের সহায়তা নিবেন। ফিনিশিং এ প্যাক করা গার্মেন্টস এর কোয়ালিটি, ফোল্ডিং, বিভিন্ন লেবেল, হ্যাং ট্যাগ, প্রাইজ ট্যাগ, পলি, এসটম্যান্ট, কার্টন শিপিং মার্ক, কার্টন কোয়ানটিটি ইত্যাদি ঠিক আছে কিনা নিশ্চিত করতে হবে। সাব কন্ট্রাস্ট ফ্যাক্টরী থেকে গার্মেন্টস বা কমপ্লিট কার্টন নিজস্ব ফ্যাক্টরীতে আনার আগে বা শিপম্যান্ট করার পূর্বে অবশ্যই যথাযথভাবে অডিট করতে হবে, যাতে বায়ার ইন্সপেকশন করার সময় কোন সমস্যা না পায়।
৩২. ফ্যাক্টরী বা লাইনের অর্ডারে যদি বায়ার পরিবর্তন হয় তবে মনে রাখবেন, প্রতিটি বায়ারের নিজস্ব মান নিয়ন্ত্রণের চাহিদা থাকে। কেউ ৪.০ এ, কিউ, এল এ ইন্সপেকশন করেন আবার কেউ ২.৫ এ, কিউ, এল এ করেন (ওয়ালমার্ট বর্তমানে ২.৫ একিউএলএ ইন্সপেকশন করে)। তাই ২.৫ একিউএল এ বাড়তি চাহিদা থাকে, সেইভাবে সতর্কতামূলক ব্যবস্থা পূর্ব হইতেই গ্রহণ করতে হবে। নচেৎ মালে উপর্যুপরি রিচেক পড়বে যার দরুণ শর্ট শিপমেন্ট অথবা শিপমেন্ট ডেইট ফেল হয়ে কোম্পানী বিরাট লোকসানে পরবে।
৩৩. প্রোডাকশন ম্যানেজার বা কোয়ালিটি স্টাফ প্রতিটি অপারেশন ও কোয়ালিটির প্রতিটি খুঁটিনাটি, টেকনিক্যাল বিষয় ও সমস্যা নিজের অভিজ্ঞতার নিরিখে নিবিড় তদারকিতে রাখবেন। অর্ডারের প্রাথমিক অবস্থা হইতে কোন কারণে আপনি যদি মনে করেন যে, সঠিক মান নিয়ন্ত্রণ হচ্ছে না তা হলে আপনার রিপোর্টে তাহা অবশ্যই লিখিতভাবে উল্লেখ পূর্বক তাহা প্রোডাকশন ম্যানেজার অথবা জেনারেল ম্যানেজার অথবা ডিভিশনাল মার্চেন্টাইজিং ম্যানেজার বা প্রয়োজনে নিম্ন স্বাক্ষরকারী এবং ব্যবস্থাপনা পরিচালক সাহেবের জ্ঞাতার্থে আনিবেন। ইহার যেন অন্যথা না হয়।
৩৪. পরিশেষে সর্বদা মনে রাখবেন প্রডাকশন ও কোয়ালিটি সবসময় অফিসের চেয়ার টেবিলে বসে নিয়ন্ত্রণ করা যায়না। উর্ধ্বতন ম্যানেজার তার অধীনস্থ ম্যানেজারকে অনেক সমস্যায় সম্পৃক্ত না হয়ে বলেন যে, যেভাবে পার ম্যানেজ কর ও সেই ম্যানেজ করতে গিয়ে বড় ধরনের বিপত্তি হয় যার দায়ভার কোম্পানীকে ও পরবর্তীতে তাকে নিতে হয়।
৩৫. সর্বোপরি বায়ার এবং তাদের কোয়ালিটি কন্ট্রোলারদের সাথে সু-সম্পর্ক বজায় রাখবেন। তাদের নির্দেশগুলি পালন করে তাদের আস্থাভাজন হতে পারলে ও বিশ্বাসযোগ্যতা অর্জন করতে পারলে কোয়ালিটি সংক্রান্ত বহু সমস্যা ও জটিলতা হতে পরিত্রাণ পাবেন।

Am. Khan.

এ কে এম সাজ্জাদুল করিম
ডাইরেক্টর এ্যান্ড সি.ও.ও

গার্মেন্টস মার্চেভাইজিং প্রসেস এন্ড প্রসিডিউর

গার্মেন্টস শিল্পের একটি গুরুত্বপূর্ণ অংশ হচ্ছে মার্চেভাইজিং। একজন মার্চেভাইজারের দায়িত্ব হচ্ছে বায়ার কর্তৃক অর্ডার কনফার্ম হওয়ার পর প্রতিটি অর্ডারের বিপরীতে প্রয়োজনীয় ফেব্রিকস এবং এক্সেসরিজ সোর্সিং করা এবং সময়মত এগুলোর যোগান নিশ্চিত করা। অতঃপর প্রতিটি অর্ডার ডেভেলপমেন্ট ও প্রস্তুতকরণ থেকে শুরু করে শিপমেন্ট পর্যন্ত সকল কার্যক্রমের একটি সঠিক ও ধারাবাহিক পরিকল্পনা গ্রন্থন করা। একজন মার্চেভাইজারের গুরুত্বপূর্ণ কার্যাবলী ও কর্ম প্রক্রিয়া নিম্নে উল্লেখ করা হলোঃ

১. টাইম এন্ড অ্যাকশন প্লান প্রস্তুতকরণ (Prepare Time & Action Plan):

বায়ার কর্তৃক অর্ডার কনফার্ম হওয়ার পর সংশ্লিষ্ট মার্চেভাইজার অর্ডার কোয়ানটিটি অনুযায়ী প্রতিটি অর্ডারের জন্য Backward Calculation সহ একটি নির্দিষ্ট Time & Action Plan তৈরী করবে। অতঃপর উক্ত প্লান অনুযায়ী প্রতিটি অর্ডারের বিভিন্ন কার্যাবলী ধাপে ধাপে সম্পন্ন করবে।

২. ফেব্রিক্স এন্ড এক্সেসরিজ ডেভেলপমেন্ট (Fabric & Accessories Development):

প্রস্তুতকৃত Time & Action Plan অনুযায়ী নির্ধারিত সময়ের মধ্যে প্রতিটি অর্ডারের জন্য প্রয়োজনীয় ফেব্রিক্স এবং এক্সেসরিজ সাপ্লাইয়ার কর্তৃক ডেভেলপ করাবে। ফেব্রিক্স এবং এক্সেসরিজ সমূহ স্থানীয় কিংবা বৈদেশিক (Local or Foreign) সাপ্লাইয়ারের কাছ থেকে এবং বিশেষ ক্ষেত্রে বায়ারের অনুমোদিত সাপ্লাইয়ারের কাছ থেকে সংগ্রহ করতে হবে। অতঃপর ডেভেলপকৃত ফেব্রিক্স এবং এক্সেসরিজ বায়ারের কাছে সাবমিট করে অনুমোদন গ্রহণ করবে।

৩. ডেভেলপমেন্ট স্টেজে স্যাম্পল ডেভেলপমেন্ট (Sample Development In Development Stage) :

ফেব্রিক্স এবং এক্সেসরিজ ডেভেলপমেন্ট এর পাশাপাশি বায়ারের নির্দেশনা (Instruction) এবং প্রদত্ত স্পেক শীট অনুযায়ী বিভিন্ন ধাপে স্যাম্পল তৈরী করিয়ে বায়ারের অফিসে সাবমিট করবে এবং অনুমোদন গ্রহণ করবে। ডেভেলপমেন্ট স্টেজে স্যাম্পল ডেভেলপমেন্টের এর ধাপগুলি নিম্নরূপঃ

✓ প্রোটো টাইপ স্যাম্পল (Proto Type Sample):

স্যাম্পল ডেভেলপমেন্টের প্রাথমিক পর্যায়ে প্রোটো টাইপ স্যাম্পল তৈরী করা হয়। এই স্যাম্পলের মাধ্যমে বায়ারের কাংখিত ডিজাইন অনুযায়ী স্যাম্পল তৈরী করে বায়ারকে প্রদর্শন করা হয়।

✓ ফিট স্যাম্পল (Fit Sample):

বায়ারের প্রদত্ত Spec Sheet অনুযায়ী Actual মিজারমেন্ট ঠিক রেখে লাইভ মডেল অথবা ডামি মডেল-এর মাধ্যমে ফিটিং নিশ্চিত করার জন্য এই স্যাম্পল তৈরী করা হয়।

✓ কাউন্টার প্রোটো স্যাম্পল (Counter Proto Sample):

বায়ারের কাছ হতে অন্য স্যাম্পল রিসিভ করার পর এই স্যাম্পল তৈরী করা হয়। এই স্যাম্পল তৈরির মাধ্যমে ফ্যাঙ্কটরীর দক্ষতা যাচাই করা হয়ে থাকে।

✓ ফটো সুট স্যাম্পল (Photo Shoot Sample):

Actual ফেব্রিক্স ব্যবহার করে প্রোডাক্ট ক্যাটালগের জন্য মডেলকে পরিবেশে ফটো সুট করতে এই স্যাম্পল তৈরী করা হয়।

✓ সেলসম্যান স্যাম্পল (Salesman Sample):

ক্রেতার চাহিদা যাচাইয়ের লক্ষ্যে বায়ারের শো-রুমে ডিসপ্লে করার জন্য এই স্যাম্পল তৈরী করা হয়।

৪. প্রাইস নিগোসিয়েশন ফর ফেব্রিক্স এন্ড এক্সেসরিজ (Price Negotiation for Fabric & Accessories):

গার্মেন্টস তৈরির প্রধান কাচামাল-ই হচ্ছে ফেব্রিক্স এবং এক্সেসরিজ। একটি অর্ডারের পরিমাণ ও বায়ার কর্তৃক নির্ধারিত মূল্য অনুযায়ী প্রয়োজনীয় ফেব্রিক্স এবং এক্সেসরিজ এর মূল্য নির্ধারণ করে সাপ্লাইয়ারের সাথে প্রাইস নিগোসিয়েশন করবে।

৫. পারচেজিং ফেব্রিক্স এন্ড এক্সেসরিজ (Purchasing Fabrics & Accessories):

সাপ্লাইয়ারের সাথে নেগোসিয়েশনের মাধ্যমে প্রাইস ফাইনাল হওয়ার পর পারচেজ অর্ডার (PO) তৈরী করে সাপ্লাইয়ারকে পাঠাবে এবং পারচেজ অর্ডার এর বিপরীতে সাপ্লাইয়ারের কাছ থেকে প্রোফর্ম্যা ইনভয়েস (PI) সংগ্রহ করে সংশ্লিষ্ট বিভাগের মাধ্যমে পে-মেন্ট প্রসিডিউর নিশ্চিত করবে। ফেব্রিক্স এবং এক্সেসরিজ পারচেজ করার ক্ষেত্রে অবশ্যই প্রয়োজনীয় সকল টেষ্ট রিপোর্ট সাপ্লাইয়ারের কাছ থেকে সংগ্রহ করবে এবং প্রয়োজনে থার্ড পার্টি কর্তৃক পুনরায় টেষ্টের মাধ্যমে রিপোর্টের সত্যতা যাচাই করবে।

৬. ফেব্রিক্স এন্ড এক্সেসরিজ ইন-হাউজ (Fabric & Accessories In-house):

দাখিলকৃত পারচেজ অর্ডার (PO) অনুযায়ী প্রয়োজনীয় ফেব্রিক্স এবং এক্সেসরিজ সময়মত পাওয়ার জন্য সাপ্লাইয়ারের সাথে নিয়মিত যোগাযোগ বা ফলো-আপ করবে। ফেব্রিক্স এবং এক্সেসরিজ রিসিভ করার সাথে সাথে স্টোর বিভাগ কর্তৃক কোয়ালিটি ও কোয়ানটিটির সঠিকতা যাচাই নিশ্চিত করবে।

৭. প্রোডাকশন স্টেজে স্যাম্পল ডেভেলপমেন্ট (Sample Development In Production Stage):

প্রোডাকশন স্টেজে প্রকৃত ফেব্রিক্স এবং এক্সেসরিজ দিয়েই প্রোডাকশন স্টেজের সকল স্যাম্পল তৈরি করিয়ে বায়ারের কাছে সাবমিট করবে এবং অনুমোদন গ্রহণ করবে। নিম্নে প্রোডাকশন স্টেজের স্যাম্পল ডেভেলপমেন্টের এর ধাপগুলি উল্লেখ করা হলো:

✓ সাইজ সেট স্যাম্পল (Size Set Sample):

একটি অর্ডারের প্রয়োজনীয় সকল সাইজ অনুযায়ী সাইজ সেট স্যাম্পল তৈরি করা হয়। সাইজ সেট স্যাম্পলের মাধ্যমে বায়ারের প্রদত্ত Spec Sheet অনুযায়ী নির্দিষ্ট অর্ডারের সকল সাইজ-এর মিজারমেন্ট সঠিক হয়েছে কিনা তা নিশ্চিত করা হয়।

✓ প্রি-প্রোডাকশন স্যাম্পল (Pre-production Sample):

বাক্স প্রোডাকশনে যাবার আগে Actual প্রোডাক্ট কেমন হবে এর নমুনা তৈরি করে অপারেটরদের প্রদর্শন করা যে তারা কি তৈরি করতে যাচ্ছে।

✓ TOP (Top of Production) /প্রোডাকশন স্যাম্পল:

প্রোডাকশন চলাকালীন সময় প্রি-প্রোডাকশন স্যাম্পল (Pre-production Sample) অনুযায়ী প্রোডাকশন হচ্ছে কিনা এবং কেমন গার্মেন্টস বায়ার রিসিভ করবে তা পুনরায় চেক করতে বায়ার এই স্যাম্পল চেয়ে থাকে।

✓ শিপমেন্ট স্যাম্পল (Shipment Sample):

সম্পূর্ণ প্রোডাক্ট তৈরি শেষে ফাইনাল ইন্সপেকশন হওয়ার পর ভবিষ্যৎ রেফারেন্সের জন্য এই স্যাম্পল সংগ্রহ করে রাখা হয়।

৮. বাক্স প্রোডাকশন ফলোআপ (Bulk Production Follow-up) :

পি.পি স্যাম্পল অনুমোদন পাওয়ার পর বায়ারের প্রতিনিধিসহ সংশ্লিষ্ট সকলের উপস্থিতিতে পি.পি. মিটিং সম্পন্ন করবে এবং পি.পি মিটিং এর গৃহীত সিদ্ধান্ত অনুযায়ী বাক্স প্রোডাকশন শুরু করবে। বাক্স প্রোডাকশন চলাকালীন সময়ে প্রোডাকশন, কোয়ালিটি ও পি.পি.সি টিমের সাথে নিয়মিত যোগাযোগ রক্ষা করবে এবং কোন সমস্যা পরিলক্ষিত হলে তা বায়ারের সাথে যোগাযোগের মাধ্যমে সমাধান করতে সাহায্য করবে। প্রদত্ত কার্য-নির্দেশনা এবং কাজের অগ্রগতি মনিটরিং করবে।

প্রিন্টিং, এম্ব্রয়ডারী, ওয়াশিং এর জন্য সঠিক যোগাযোগের মাধ্যমে সময়মত কাজ করিয়ে নিবে। এসব কাজের জন্য সর্বদাই অলটারনেটিভ বা বিকল্প উৎস হাতে রাখবে।

৯. স্টোর ও প্রোডাকশনের সাথে যোগাযোগ রক্ষা (Communication with Store & Production):

প্রতিটি অর্ডারের জন্য স্টোরকে D.O Letter ইস্যু করবে এবং কনজাম্পশন রিপোর্ট অনুযায়ী ফেব্রিক্স ও এক্সেসরিজ প্রোডাকশন ফ্লোরে সঠিকভাবে ডেলিভারি দেয়া হচ্ছে কিনা তা মনিটরিং করবে।

১০. Disruption রিপোর্ট স্টাডি করা (Study Disruption Report):

বাক্স প্রোডাকশন চলাকালীন সময়ের Disruption রিপোর্ট গুলো এনালাইসিস করবে এবং মূল কারণ অনুযায়ী তা তৎক্ষণিক সমাধানের প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণ করা হয়েছে কিনা তা ফলো-আপ করবে।

১১. ফাইনাল ইন্সপেকশন অফার (Final Inspection Offer):

বাক্স প্রোডাকশন সম্পূর্ণ হয়ে যাবার পর প্যাকিং লিস্ট ও প্রি-ফাইনাল ইন্সপেকশনের রিপোর্ট সংগ্রহ করবে। অতঃপর প্রি-ফাইনাল ইন্সপেকশনের প্রাপ্ত ফলাফল অনুযায়ী প্রোডাক্টের কোয়ালিটি এবং কোয়ানটিটি নিশ্চিত হবার পর ফাইনাল ইন্সপেকশনের জন্য বায়ারকে অফার করবে।

১২. শিপমেন্ট (Shipment):

ফাইনাল ইন্সপেকশন পাশ হলে প্রয়োজনীয় ব্যবস্থা যেমন: প্যাকিং লিস্ট ও ইন্সপেকশন রিপোর্ট সহ গার্মেন্টস কার্গো ও জাহাজীকরণ নিশ্চিত করবে।

উপরোক্ত সমগ্র প্রক্রিয়া চলাকালীন মার্চেন্ডাইজারকে ফ্যাক্টরী, প্রোডাকশন ও কোয়ালিটি প্রধানদের সঙ্গে যোগাযোগ রক্ষা করতে হবে এবং বায়ারের কোন গুরুত্বপূর্ণ বা নতুন নির্দেশনা থাকলে তাদেরকে ই-মেইলের মাধ্যমে অবগত করতে হবে এবং প্রয়োজনীয় নজরদারী রাখতে হবে। কোন প্রকার মৌখিক নির্দেশনা দেয়া যাবে না কেননা মৌখিক নির্দেশনায় ভুল হতে পারে যার দরুন শিপমেন্ট বাধাগ্রস্ত অথবা বাতিল হয়ে বড় রকমের আর্থিক ক্ষতির কারণ হতে পারে।

ষ্টোর ব্যবস্থাপনা প্রক্রিয়া

ষ্টোর ম্যানেজমেন্ট প্রসিডিউর

ষ্টোর ম্যানেজমেন্টের জন্য একটি কার্যকর ও ফলপ্রসূ পদ্ধতি অনুসরণ করা খুবই প্রয়োজন। এর কার্যপ্রণালী অবশ্যই যুক্তিসংগত, বাস্তব সম্মত এবং সহজে প্রয়োগযোগ্য হতে হবে। ষ্টোর ম্যানেজমেন্ট সংক্রান্ত সাধারণ কার্যপ্রণালী নিম্নে উল্লেখ করা হলো:

- ১. পণ্য গ্রহণ পদ্ধতি :** ষ্টোরের প্রথম কাজই হলো মালামাল গ্রহণ করা। পণ্য গ্রহণের ক্ষেত্রে সাধারণত নিম্নলিখিত ধাপগুলি অনুসরণ করা হয়-
 - পণ্যবাহী ট্রাকের ড্রাইভারের কাছ থেকে পণ্যের চালান ও সংযুক্ত প্যাকিং লিস্ট দায়িত্বপ্রাপ্ত ষ্টোর অফিসার / ম্যানেজার গ্রহণ এবং নিরীক্ষা করবেন। স্বাক্ষরকৃত চালানের একটি কপি ড্রাইভারকে ফেরত দিবেন।
 - ষ্টোর ম্যানেজার যথাযথ নিরীক্ষণের পর ফেব্রিক্স আনলোড করার অনুমতি প্রদান করবেন। এ সময় তিনি বা তার মনোনীত কর্মকর্তা কর্তব্যরত সিকিউরিটি ইনচার্জকে সাথে নিয়ে কাভার ভ্যানের ভোল্ট-সিল খুলবেন এবং মালামাল গ্রহণ করবেন।
 - চালানের বিবরণ অনুযায়ী গ্রহণকৃত মালামালের পরিমাণ সঠিক আছে কি না তা সতর্কতার সাথে যাচাই করবেন।
 - Goods receipt register or Goods inward register-এ গ্রহণকৃত পণ্য লিপিবদ্ধ করতে হবে।
 - ষ্টোরে প্রেরণের পূর্বেই ট্রান্সপোর্ট এরিয়াতে প্রাইমারি ইনভেন্টরি করতে হবে। কোন সমস্যা বা অসঙ্গতি পরিলক্ষিত হলে ষ্টোর ম্যানেজার তাত্ক্ষণিকভাবে জিএম-স্টোরকে জানাবেন এবং প্রয়োজনীয় পরামর্শ গ্রহণ করবেন।

পণ্য গ্রহণে সতর্কতা : সিকিউরিটি ইনচার্জের নিকট তালিকাভুক্ত এবং আইডি কার্ডযুক্ত লোডারগণ পণ্য আনলোড করার দায়িত্ব পালন করবেন। সঠিকভাবে গণনা করার লক্ষ্যে প্রত্যেক লোডার একটি রোলার জন্য একটি টোকেন গ্রহণ করবেন। লোডারগণ কোন সিগারেট, ম্যাচ বা অন্য কোন ধরনের দাহ্য পদার্থ নিয়ে ষ্টোরে প্রবেশ করতে পারবেন না।

২. কোয়ালিটি ও কোয়ালিটি চেকিং:

কোয়ালিটি চেকিং: ষ্টোরে আগত প্রত্যেকটি পণ্যের সংখ্যা বা পরিমাণ নির্ণয় করতে হবে। এই পরিমাপ বিভিন্নভাবে হতে পারে যেমন-

- ওজন পরিমাপক মেশিনের মাধ্যমে ওজন নির্ণয়
- স্কেলের সাহায্যে ফেব্রিক্সের দৈর্ঘ্য ও প্রস্থ নির্ণয়
- গৃহিত মালামাল গণনা করে মোট সংখ্যা নির্ণয়

কোয়ালিটি চেকিং: ইন্সপেকশন বলতে আগত দ্রব্যাদির কোয়ালিটি নিরীক্ষণকে বুঝায়। চাহিদা অনুযায়ী কোয়ালিটি নিশ্চিতকরণের লক্ষ্যে দায়িত্বপ্রাপ্ত কর্মকর্তা সতর্কতার সাথে সকল ফেব্রিক্স ও এক্সেসরিজ-এর ইন্সপেকশন সম্পন্ন করবেন।

৩. ষ্টোর আইটেম একাউন্টিং:

ষ্টোর একাউন্টিং হল আর্থিক মূল্যে ষ্টকের গতিশীলতা এবং ব্যালেন্স-এর বিস্তারিত হিসাব রাখার একটি প্রক্রিয়া। ষ্টোরে রিসিপ্ট করার পর পরই ফেব্রিক্স এবং এক্সেসরিজ গণনা/হিসাব ও রেজিস্টারে লিপিবদ্ধ করা প্রয়োজন। একই সাথে পরিমানের সঠিকতা উল্লেখসহ কালার শেড এবং স্টাইল অনুযায়ী দ্রব্যাদি আলাদা আলাদাভাবে রাখতে হবে এবং সে অনুযায়ী “বিন কার্ড” প্রদর্শন করতে হবে।

৪. রেকর্ড কিপিং এবং ষ্টোর রেজিস্টার:

বিধি অনুযায়ী ম্যাটেরিয়াল একসেস্ট নোটের মাধ্যমে পণ্য গ্রহণ করা হয়ে থাকে। এই উদ্দেশ্যে একটি নির্ধারিত ফরমেট ব্যবহার করা হয়। অন্যদিকে চালানপত্র গ্রহণের মাধ্যমে পণ্য গ্রহণের নিশ্চয়তা প্রদান করা হয়। সিকিউরিটি স্টাফগণ চালানে উল্লেখিত পণ্যের ধরণ ও পরিমানের ভিত্তিতে একটি রেজিস্ট্রি বুক সংরক্ষণ করবেন। উক্ত রেজিস্ট্রিতে নিম্নলিখিত কলাম থাকবে-

- ✓ রিসিপ্ট ডেট ও রিসিপ্ট সময়
- ✓ সাপ্লায়ারের নাম
- ✓ সাপ্লায়ারের চালান ও তারিখ
- ✓ চালানের নাম্বার
- ✓ আইটেমের বিস্তারিত বর্ণনা
- ✓ প্রত্যেক আইটেমের সংখ্যা, পরিমাণ এবং মূল্য তালিকা
- ✓ কার্যাদেশের রেফারেন্স
- ✓ পরিবহনের বিস্তারিত বর্ণনা
- ✓ পণ্য গ্রহণ নোটস-এর রেফারেন্স

৫. দ্রব্য গুদামজাতকরণঃ

মালামাল রাখার জন্য প্যালেটস্, বিনস, র্যাকস্ ও শেলভস্ এবং কোন কোন সময় বিল্ডিং-এর মেঝে ব্যবহৃত হয়। ষ্টক কার্ডে মালামাল সংরক্ষণের স্থান উল্লেখ করা থাকে। পণ্যের কোয়ালিটি ঠিক রাখার জন্য মালামাল সংরক্ষণ প্রক্রিয়া একটি গুরুত্বপূর্ণ বিষয় কেননা তাপ, আদ্রতা, ধূলা বা অন্যান্য বিষয় পণ্যমানের অবনতি ঘটাতে পারে। ষ্টোর যে মানের দ্রব্য গ্রহণ করেছিল ঠিক সেই মানের দ্রব্য ফ্যাঙ্কটরিতে ব্যবহারের জন্য কাঁচামাল আকারে সরবরাহ করে। তাই ষ্টোর ম্যানেজমেন্টের ক্ষেত্রে পণ্য সংরক্ষণকে গুরুত্বপূর্ণ বিষয় হিসেবে গণ্য করা হয়।

এ ক্ষেত্রে যেসব বিষয় বিবেচনায় রাখা প্রয়োজন -

- মালামালসমূহ অতি সতর্কতার সাথে এবং পদ্ধতিগতভাবে গুদামজাতকরণ করতে হবে।
- নির্দিষ্ট সময় অন্তর ইনভেন্টরি রিপোর্ট আপডেট করতে হবে।
- নির্দিষ্ট সময়ের মধ্যে প্রত্যেক মার্চেন্টের অর্ডারের প্রোগ্রেস আলাদা আলাদাভাবে বিশ্লেষণ করতে হবে।
- যে কোন ষ্টাইলের প্রোডাকশন এবং শিপমেন্ট শেষ হওয়ার পর পরই অবশ্যই রিকনসিলিয়েশন রিপোর্ট জমা দিতে হবে।
- রিকনসিলিয়েশন রিপোর্ট জমাদানের পর অব্যবহৃত পণ্যসমূহ পৃথক করে রাখতে হবে।

স্টোরে দ্রব্যাদি রাখার উপাদান: প্যালেটস, এন্ড ইন্সিডস, ওপেন এন্ড ক্লোজড শেলভিং, ক্যাবিনেট, বিনস, স্টাকিং বক্স, স্পেশাল স্টোরেজ র্যাকস, গ্রাভিটি ফিড র্যাকস ইত্যাদি।

মালামাল সাজানোর পদ্ধতি:

- দ্রব্যাদি দেয়াল থেকে এক মিটার দূরে রাখতে হবে।
- মালামালসমূহ সারি করে রাখতে হবে।
- হরাইজন্টাল (আনুভূমিক) এবং ভার্টিক্যাল (উলম্ব) উভয় ভাবে সাজাতে হবে
- এক সারি থেকে অন্য সারির দূরত্ব হবে ২ মিটার।
- মালামালসমূহ সর্বোচ্চ ছয় ফুট পর্যন্ত উচু করে রাখা যাবে।
- ফেব্রিক্সসমূহ বায়ার, ষ্টাইল, রং বা ডাই লট অনুযায়ী রাখতে হবে।
- ফেব্রিক্স এবং এক্সসরিজ বিন কার্ড অনুসারে চিহ্নিত করে রাখতে হবে (বায়ার, ষ্টাইল, পিও, আইটেমের নাম, রং ইত্যাদি)
- কোন প্রোডাক্ট নষ্ট হতে পারে এমন ঝুঁকিপূর্ণভাবে সাজানো যাবে না।

৬. ম্যাটেরিয়াল হ্যান্ডেলিংঃ

Material Handling হল পণ্যের স্থানান্তর প্রক্রিয়ার একটি অংশ এবং এটার কার্যকারিতা পণ্যের মূল্য এবং পণ্য সরবরাহের উপর গুরুত্ব প্রদান করে থাকে। Material Handling-এর যথাযথ প্রয়োগের অভাবে ওয়ার হাউজ প্লান্ট, শিপিং, রিসিভিং এবং মেঝেতে স্টোরেজ ইত্যাদি খরচ অসামঞ্জস্যভাবে বাড়তে পারে। আধুনিক Material Handling পদ্ধতি ওয়ারহাউজের ধারণ ক্ষমতা বৃদ্ধি করে, সময় বাঁচায় এবং Product Handling-এর খরচ কমায়।

৭. ফেব্রিক্স ইস্যু বা বিতরণ করাঃ

ফেব্রিক্স এবং এক্সসরিজ বিতরণের ক্ষেত্রে সঠিক কার্যপ্রণালী অক্ষুণ্ন রাখা উচিত। যে কোন ফেব্রিক্স ও এক্সসরিজ ইস্যুর ক্ষেত্রে অনুমোদিত রিকুইজিশন সতর্কতার সাথে নিরীক্ষা করতে হবে যেমন পণ্য সরবরাহের পূর্বে অবশ্যই ফ্যাঙ্কটরি প্রধান ও কাটিং ম্যানেজারের লিখিত রিকুইজিশন থাকতে হবে। একই সাথে কনজাম্পসন রিপোর্ট - চেক করা এবং সত্যতা যাচাই করতে হবে। যদি কনজাম্পসন রিপোর্ট অনুযায়ী রিকুইজিশন অযৌক্তিক হয় সেক্ষেত্রে সংশ্লিষ্ট কর্তৃপক্ষকে অবশ্যই অবহিত করতে হবে।

৮. ফেব্রিক্স ইস্যু প্রসিডিউরঃ

- মার্চেন্টাইজার যথাযথ সময়ে স্টোরে মাস্টার ফাইল পাঠাবেন এবং মেইল করবেন।
- কেন্দ্রীয় স্টোর সংশ্লিষ্ট কাটিং ইনচার্জ কে ট্রায়াল কাটিং-এর জন্য প্রয়োজনীয় ফেব্রিক্স ইস্যু করবেন।
- প্যাটার্ন মাস্টার কনজাম্পসন রিপোর্ট তৈরি করবেন এবং তা সাইন করে সংশ্লিষ্ট মার্চেন্টাইজারকে পাঠাবেন।
- মার্চেন্ট উক্ত রিপোর্ট চেক করবেন এবং যথাযথ মন্তব্যসহ অনুমোদন দিবেন।
- অনুমোদিত কনজাম্পসন রিপোর্ট দ্রুততারদ সাথে ফ্যাঙ্কটরিতে ফেরত পাঠাতে হবে।
- ফ্যাঙ্কটরি স্টোর অফিসার কনজাম্পসন রিপোর্টের একটি কপি সেন্ট্রাল স্টোর অফিসারের নিকট পাঠাবেন।
- কোন ফেব্রিক্স ইস্যু করার পূর্বে অবশ্যই কাটিং রিপোর্ট চেক করতে হবে।
- এরপর সেন্ট্রাল স্টোর অফিসার বাক্স কাটিং-এর জন্য প্রয়োজনীয় ফেব্রিক্স প্রদান করবেন।
- ফ্যাঙ্কটরি থেকে কোন মালামাল বাইরে পাঠাতে হলে ফ্যাঙ্কটরি জিএম/এফএম/পিএম কর্তৃক অনুমতি পত্র পাওয়ার পর স্টোর ম্যানেজার/অফিসার চালান ও গেট পাস প্রদান করবেন যা অনুমতিপত্রের উপর লিখে রাখতে হবে।

৯. এ্যাগ্রভাল অথোরিটিঃ

যে কোন ফেব্রিক্স ও এক্সসরিজ ইস্যুর ক্ষেত্রে যথাযথ “রিকুইজিশন অনুমোদনকারী” কর্তৃক অনুমোদন দেয়া হয়েছে কি না তার সত্যতা যাচাই করা বাধ্যতামূলক। যদি যথাযথ কর্তৃপক্ষ কর্তৃক রিকুইজিশন অনুমোদিত না হয় সেক্ষেত্রে বিষয়টি অবশ্যই উপযুক্ত কর্তৃপক্ষকে জানাতে হবে।

১০. রেকর্ড কিপিংঃ

ষ্টোরের রেকর্ডসমূহ সবসময় আপডেট রাখতে হবে এমনকি একদিনের জন্যও ফেলে রাখা যাবে না। ষ্টক রেকর্ড রেজিস্টারে সবসময় ষ্টক সংক্রান্ত নির্ভুল তথ্য থাকবে। এ ক্ষেত্রে অফিস ক্লার্ক যথাযথভাবে নিয়ম মানছে কিনা তা সিনিয়র ষ্টোর কিপার নিশ্চিত করবেন।

১১. ট্রান্সপোর্টেশনঃ

সাধারণভাবে বিক্রেতা কর্তৃপক্ষ পণ্য পরিবহনের ব্যবস্থা করে থাকে তবে কখনো কখনো ক্রেতাকেও তা করতে হয়। এ ক্ষেত্রে সঠিক এবং নিরাপদ পরিবহন নির্ধারণ করাটা খুবই গুরুত্বপূর্ণ। ট্রাক আসার সময়ানুযায়ী মালামাল প্যাকেট করা, প্রেরণের জন্য প্রস্তুত রাখা ইত্যাদি কাজগুলো ধারাবাহিকভাবে করাটা অত্যন্ত গুরুত্বপূর্ণ যা ট্রাকের অনির্দিষ্টকালীন অপেক্ষার জটিলতা কমাতে এবং দ্রুত পণ্য প্রেরণ সম্ভব হবে।

১২. রিপোর্টিংঃ নির্দিষ্ট সময় অন্তর রিপোর্ট প্রস্তুত করা এবং সংশ্লিষ্ট কর্তৃপক্ষের নিকট দাখিল করা।

অফিস সার্কুলার



House # 2/B, Road # 29, Gulshan-1
Dhaka-1212, Bangladesh
Tel # 880-2-8852646, 8852749
8852969, 8850409, 8851581
8852763, 8824422, 9892259
Fax # 880-2-8850330, 8852748
E-mail : info@palma garments.com
Web site : www.palma group.net

Ref: PGI/CHO/TOD/OC/001

15 July 2008

Circular

Subject: Re-designating Training & Development Department

This is for information of all concerned that the Palma Management has decided to redesign the **Training and Development (T&D) Unit** as an independent Department disintegrating from HRM Department. Henceforth, the previous "Training & Development (T&D)" Unit is re-designated and will be known as "**Training & Organizational Development (TOD)**" Department instead of T&D.

In this connection, the areas of intervention of the newly established TOD Department have been reorganized vesting some wider responsibilities to enable the Department toward meaning contribution to the Group both in Corporate and Factory levels. The main focus of this department will be;

1. Capacity Development (Both individual and Organizational) through Training
2. Reviewing existing policies, identify needs for new policies, initiate formulation of new policies and support in implementation thereof after obtaining approval from Management
3. Review HR practices of Palma and suggest for up-gradation where feasible
4. Review and suggest organization structuring, re-structuring needs and take necessary step therein in consultation with Director & C.O.O and the Managing Director
5. Suggest the Company Management in the area of essential development needs if and when required

The new TOD Department will be operated under the leadership of Mr. Md. Anwar Ullah, In-charge, TOD Department with his professional team associated with TOD.

From now on, all concerned are instructed to coordinate with Mr. Anwar for getting maximum support you need in the areas mentioned above and extend all sort of cooperation in order to discharge his duties pertaining to his Department.

Let's join in wishing every success to the journey of the TOD Department.

Director & C.O.O

Coy to:

1. The Honorable Managing Director
2. Chief Advisor to Managing Director
3. Vice President-Marketing
4. Director-Marketing
5. Director-PP & Co-ord.
6. Director-Marketing (Sweater)
7. Director-Production
8. Director-Admin & Compliance
9. Resident Director-CHO
10. Director-Coordination
11. Director-Admin, Ayesha Complex
12. Resident Director, MAL
13. General Manager, HRM
14. General Manager, Admin
15. General Manager, Accounts
16. All Departmental Heads-CHO
17. All Factory Heads

এইচ আর এম সংক্রান্ত সার্কুলার সমূহ

রিট্রুটমেন্ট এন্ড সিলেকশন

রেফারেন্স (পিজিআই/সিএইচও/এফ এইচ আর ও ডি/অসি/০২ তাং: ১০.০৬.০৮)

ফ্যাক্টরী ভিজিটের পাশাপাশি জিএম-এডমিনের নেতৃত্বাধীন এফএইচআরও ডিপার্টমেন্ট এখন থেকে ব্যবস্থাপনা পরিচালক এবং ডাইরেক্টর ও সি ও মহোদয়ের নির্দেশনা মোতাবেক কর্পোরেট এইচ আর ডিপার্টমেন্টের কোর্ডিনেশনে ফ্যাক্টরীর নিম্নলিখিত এইচ আর ও এডমিন সংক্রান্ত কার্যাবলী সম্পন্ন করবে। এ মর্মে সকলকে সহযোগিতা প্রদানের নির্দেশ দেওয়া হল:

১. ফ্যাক্টরী অনুযায়ী নিয়োগ সংক্রান্ত প্রস্তাবনা তৈরী করা এবং তার যাচাইকরণ ও নিয়োগ সংক্রান্ত কার্য সম্পন্ন করন
২. ডিপার্টমেন্ট বা কারখানা প্রধানদের পারফরমেন্স এপ্রোইজালের উপর ভিত্তি করে পটেনশিয়াল স্টাফদের প্রোমোশন/ট্রান্সফার বা রিলোকেশনের প্রস্তাবনা তৈরী করা এবং তা এইচআরএম ডিপার্টমেন্টে ফরোয়ার্ড করা
৩. নন পারফরমার বা ফ্রি রাইডারদের খুজে বের করা এবং পারফরমেন্স মূল্যায়ন ফরম সহ তার ব্যাপারে প্রয়োজনীয় পদক্ষেপ গ্রহণের জন্য সুপারিশ প্রদান করা।
৪. ফ্যাক্টরীতে ব্যাক আপ হিসাবে কাজ করার মতো করে একটি ট্যালেন্টেড স্টাফ পুল তৈরী করা এবং এইচ আর এম ডিপার্টমেন্টকে ফরোয়ার্ড করা।
৫. ব্যবস্থাপনা পরিচালক এবং ডাইরেক্টর ও সিও মহোদয়ের উপদেশ মোতাবেক ফ্যাক্টরীর বিভিন্ন সেক্টরে শৃংখলা রক্ষা করা।
৬. অতিরিক্ত স্টাফ খুজে বের করা এবং যেখানে সর্টেজ আছে সেখানে রিলোকেট করার প্রস্তাবনা দেয়া।

কর্মকর্তা/কর্মচারী/শ্রমিকগণের নির্বাচন ও নিয়োগ সংক্রান্ত নিয়মাবলী

রেফারেন্স : পিজিআই/সিএইচও/এইচআরএম/ওও/০৫ তাং: ১২.০৬.০৫

মহাব্যবস্থাপক/উপ-মহাব্যবস্থাপক/কারখানা ব্যবস্থাপক/উৎপাদন ব্যবস্থাপকগণকে কারখানার শূন্যপদে কর্মকর্তা/ কর্মচারী/ শ্রমিক নিয়োগের জন্য সর্বপ্রথম কমপক্ষে ১৫ দিন পূর্বে কেন্দ্রীয় এইচ আর এম/ এফএইচআরও বিভাগে একটি ম্যানপাওয়ার রিকুইজিশন দাখিল করতে হবে। উল্লেখ্য ম্যানপাওয়ার রিকুইজিশন এ অবশ্যই সংশ্লিষ্ট কারখানার বর্তমান ম্যানপাওয়ার সেট-আপ অনুযায়ী শূন্য পদের সংখ্যা উল্লেখ করতে হবে।

ফ্লোর ইনচার্জ ও তদূর্ধ্ব কর্মচারী/কর্মকর্তা নির্বাচন ও নিয়োগ সংক্রান্ত সকল বিষয় সরাসরি কেন্দ্রীয় এফএইচআরও বিভাগ নিয়ন্ত্রণ করবে। অগ্রীম রিকুইজিশন জিএম- এফএইচআরও বরাবর পাঠাবেন। তিনি বিষয়টি সমন্বয় করবেন।

সংশ্লিষ্ট মহাব্যবস্থাপক/উপ-মহাব্যবস্থাপক/কারখানা ব্যবস্থাপক/উৎপাদন ব্যবস্থাপকগণ ফ্লোর ইনচার্জ এর নিম্ন পদমর্যাদার ফ্লোর স্টাফ এর নিয়োগ সংক্রান্ত বিষয় সমূহ সরাসরি নির্বাচন, নিয়োগ ও নিয়ন্ত্রণ করবেন।

আচরণগত সমস্যা, কম অনুগত ও স্বল্প দক্ষতা সম্পন্ন স্টাফদের পারফরমেন্স মূল্যায়ন করে কোম্পানী হতে বাদ দিতে হবে। সকলকে ব্যয় হ্রাসে রিডানডেন্ট স্টাফদের চিহ্নিত করে বাদ দিতে হবে এবং ওটি কমিয়ে ৬০% এর মধ্যে সীমাবদ্ধ রাখতে হবে।

নতুন পদ্ধতিতে শ্রমিক নিয়োগ প্রসংগেঃ কোম্পানীর অধিনস্থ সকল ফ্যাক্টরী সমূহে নতুন নিয়মে শ্রমিক নিয়োগ করার ব্যাপারে মাননীয় ব্যবস্থাপনা পরিচালক নিম্নোক্ত নির্দেশনা প্রদান করেনঃ

১. নতুন প্রবর্তিত ইন্টারভিউ এসেসমেন্ট কার্ড এ অবশ্যই শ্রমিকদের স্কিল টেস্ট এর ব্যবস্থা রাখতে হবে। সিনিয়র স্টাফগন স্কিল টেস্ট নিবেন। আবেদনকারী শ্রমিকদের দাবীকৃত টার্গেট তা লিখে রাখবেন। পরবর্তীতে শ্রমিক কর্তৃক দাবীকৃত টার্গেট পুরনে ব্যর্থ হলে তার বিরুদ্ধে অসত্য তথ্য প্রদানের অভিযোগে ব্যবস্থা গ্রহন করতে হবে।
২. শ্রমিক কর্তৃক ইন্টারভিউ এসেসমেন্ট কার্ডে অন্তর্ভুক্ত সকল প্রশ্নের সন্তোষজনক উত্তর প্রদান সাপেক্ষেই কেবল মাত্র স্কিল টেস্ট নেয়া হবে। অতঃপর শ্রমিকগন নিয়োগপত্র প্রদানের পর কাজে যোগ দিবে।
৩. নিয়মিতভাবে নতুন নিয়োগকৃত শ্রমিকের আচরণ, নিয়মানুবর্তিতা ও দক্ষতা পর্যবেক্ষণ করতে হবে। খারাপ শ্রমিককে তার প্রবেশন পিরিয়ডকালীন ৮৯ দিনের মাথায় টার্মিনেট করতে হবে। এতে আইনগত কোন সমস্যা নাই বলে তিনি উল্লেখ করেন। এইভাবে শ্রমিক নিয়োগ নিশ্চিত করে ক্রমান্বয়ে অদক্ষ ও বিশৃংখলা সৃষ্টিকারী শ্রমিকের সংখ্যা হ্রাস করতে হবে।
৪. অফিস স্টাফদের ক্ষেত্রে ২ মাসের মধ্যে প্রাথমিক পারফরমেন্স মূল্যায়ন ও ৪ মাসের মাথায় চূড়ান্ত মূল্যায়ন করে অযোগ্য কর্মচারীদের কোনরূপ এক্সটেনশন না দিয়ে সরাসরি টার্মিনেট করার জন্য নির্দেশ দেন।
৫. গুরুত্বপূর্ণ খালি পদ সমূহে পুরনে ৩০ দিনের বেশী সময় নেয়া যাবে না। ম্যানপাওয়ার রিকুইজিশনে কত তারিখ হতে উক্ত পদখালি তা উল্লেখ করার পাশাপাশি পদটি নতুন বা কারো রিপ্লেসমেন্ট কিনা তা উল্লেখ করতে হবে।

মাননীয় এম ডি শিশুশ্রম বিষয়ে তার কঠোর মনোভাবের কথা ব্যক্ত করে দেখতে কম বয়স্ক ও বর্ডার লাইন কেস সমূহ বাদ দেয়ার পরামর্শ দেন। টিফিন সাপ্লাইয়ার, এমব্রডারীর প্রেড কাটার ও কন্ট্রাকটরের শিশু শ্রমিক যাতে ফ্যাক্টরীতে ঢুকতে না পারে তার ব্যবস্থা করতে হবে।

এইচ আর এম সংক্রান্ত মিটিং মাইনুটস সমূহ

ম্যানেজার্স মিটিং মাইনুটস

তারিখ ০৯.১১.০৬ ও ১১.১১.০৬

সভায় জনাব সাজ্জাদুল করিম, সম্মানিত ডাইরেক্টর এ্যান্ড সিওও নিম্নলিখিত সিদ্ধান্ত গ্রহণ করেন:

অনুমোদিত ম্যানপাওয়ার প্লান এর বাহিরে কোনভাবেই ম্যানপাওয়ার রাখা যাবে না।

ম্যানপাওয়ার প্লান এর প্রদত্ত ছকানুযায়ী বিভিন্ন রিপোর্ট যেমন: ম্যানপাওয়ার সামারি, ম্যানপাওয়ার রিকুইজিশন, ওয়েজেস সামারি ইত্যাদি সকল রিপোর্ট পরবর্তী মাসের ০৩ তারিখের মধ্যে অবশ্যই পাঠাতে হবে।

ম্যানেজার্স মিটিং

তাঃ ১৯/২৬.১১.০৫

- প্রবেশন পিরিয়ডে অদক্ষ, অপ্রয়োজনীয় লোকদের চাকুরী থেকে টার্মিনেশন করা খুবই জরুরী।
- ফ্যাক্টরীতে অনেকে বসে থাকেন কিন্তু কখনও মুভ করতে দেখা যায়না, ফ্যাক্টরীতে মুভকরে প্রকৃত অবস্থা জানা উচিত।
- প্রক্সিমিটি কার্ড স্কেনিং পয়েন্টে এইচ আর অফিসারেরা তাদের দায়িত্ব পালন করেন না। এইচ আর অফিসারেরা প্রক্সিমিটি কার্ড স্কেনিং পয়েন্টে দাড়িয়ে তাদের দায়িত্ব পালন করবেন তাই তারা ৮ টা বাজার ৫-১০ মিনিট আগে আসবেন।
- কোন কোন ফ্যাক্টরী বেতন ও মজুরী শিট তৈরীর পলিসি অনুসরণ করেননা, এ ব্যাপারে অধিক মনোযোগী হতে হবে।
- ফ্যাক্টরীতে নিয়োগ গ্রুপের পলিসি মোতাবেক হয়না, ফ্লোর ষ্টাফ নিয়োগের ব্যাপারে কিছু অনিয়ম হয়ে থাকে যা হেড অফিসে সময়মত জানানো হয়না। তাই এখন এ ব্যাপারগুলো খুব সুক্ষ্মভাবে দেখতে হবে।
- নতুন শ্রমিক যোগদানের দিন হতে ২ দিনের মধ্যে তার বয়স সার্টিফিকেট সহ অন্যান্য কাগজপত্র সহকারে নথিভুক্ত করতে হবে। কোন কারনে ডাক্তারের অনুপস্থিতিতে ২ দিনের বেশী বিলম্ব হলে তা প্রধান কার্যালয়ের এফএইচআরও বিভাগকে জানাতে হবে।
- শ্রমিকগণের হাজিরা, ওভারটাইম, চূড়ান্ত নিষ্পত্তি ইত্যাদির টাকা পরিশোধ করার ও রিজাইন দেয়ার সময় তাদের দস্তখত মিলাতে হবে।
- নতুন শ্রমিক নিয়োগ করার সময় তাদের পূর্ব চাকুরীর ইতিহাস ও প্রদত্ত স্থায়ী ঠিকানা যাচাই করতে হবে।
- পলমল গ্রুপ এর অধিনস্থ কোন কারখানা থেকে বরখাস্ত, ছাটাই অপসারণ অথবা পদত্যাগকৃত কোন শ্রমিককে অন্য কোন কারখানায় পুনঃ নিয়োগ করা যাবে না।
- কারখানাতে এইচ আর এম সম্পর্কিত বিষয় সমূহ নিখুত ও নির্ভুলভাবে বাস্তবায়ন, অনুসরণ ও পালন করতে হবে। প্রধান কার্যালয় হতে সময় সময় জারীকৃত বিভিন্ন অফিস আদেশ, অফিস বিজ্ঞপ্তি, নির্দেশনা, নিয়মনীতি সঠিকভাবে বাস্তবায়ন নিশ্চিত করতে হবে।
- ছুটি, ওভার টাইম, হাজিরা ইত্যাদি কাগজপত্রের সাথে ঐ সমস্ত কাজের জন্য পরিশোধ করার বিভিন্ন ডকুমেন্টস এর অমিল দেখা যায়। তাই এসকল ডকুমেন্টস সতর্কতার সাথে প্রস্তুত করলে এ ধরনের মারাত্মক ভুল থেকে পরিত্রাণ পেতে পারি।
- তাই কোন শ্রমিক নিয়োগ করার সাথে সাথে তার ব্যক্তিগত নথি প্রস্তুত করতে হবে। ব্যক্তিগত নথির সাথে শ্রমিক এর বয়স ভেরিফিকেশন এর সার্টিফিকেট অবশ্যই ডাক্তারের দস্তখত সহ নথিভুক্ত করতে হবে।
- বায়ারের হঠাৎ পরিদর্শনের ব্যাপারে সকলকে সর্বদা সজাগ থাকার ব্যাপারে নির্দেশ দেন কারন কোন একটি ভুলের কারনে বায়ার কর্তৃক কোন কারখানা তাৎক্ষনিক ভাবে রেড ঘোষিত হতে পারে।

জব কনফারমেশন বা চাকুরী স্থায়ীকরণ সম্পর্কিত বিষয় সমূহ

রেফারেন্স (পিজিআই/সিএইচও/এইচআরএম/৩৩--/০৫ তাঃ ১২.০৬.০৫)

সংশ্লিষ্ট কারখানার মহাব্যবস্থাপক/উপ-মহাব্যবস্থাপক/কারখানা ব্যবস্থাপক/উৎপাদন ব্যবস্থাপকগণ তাদের অধীনে প্রবেশনার হিসাবে কর্মরত সুপারভাইজার ও ইহার নিম্ন পদমর্যাদার শ্রমিক/কর্মচারীদের সন্তোষজনক প্রবেশন সময় শেষে পারফরমেন্স এপ্রাইজাল ফরম এর মাধ্যমে কর্মদক্ষতা যাচাইপূর্বক চাকুরী স্থায়ীকরণ পত্র জারী করিবেন।

সেন্টার ইনচার্জ বা তদুর্ধ্ব ব্যক্তিদের চাকুরী স্থায়ীকরণ পত্র সংশ্লিষ্ট কর্মচারীর সন্তোষজনক প্রবেশন সময় শেষে এইচআর এম সরাসরি জারী করিবে।

বেতন বৃদ্ধি সংক্রান্ত বিষয় সমূহঃ

বেতন বৃদ্ধি ও বাৎসরিক ইনক্রিমেন্ট সংক্রান্ত সকল বিষয় এর প্রস্তাব/ সুপারিশ এর তালিকা এমডি/ডাইরেক্টর ও সিওও মহোদয়ের অনুমোদনের জন্য কেন্দ্রীয় এফএইচআরও বিভাগে পাঠাতে হবে।

পদোন্নতি সংক্রান্ত বিষয় সমূহঃ

লাইন চীফ ও উহার নিম্ন পদমর্যাদার শ্রমিক/কর্মচারীগণের পদোন্নতির ব্যাপারে কারখানার ব্যবস্থাপনা কর্তৃপক্ষ একটি তালিকা প্রস্তুত করে এমডি/ডাইরেক্টর ও সিওও মহোদয়ের অনুমোদনের জন্য কেন্দ্রীয় এফএইচ আর ও বিভাগে পাঠাবে।

লাইনচীফ ও উপরের স্তরের কর্মকর্তা/কর্মচারীগণের পদোন্নতির সংক্রান্ত বিষয়সমূহ সরাসরি কেন্দ্রীয় এইচ আর এম বিভাগে নিয়ন্ত্রণ করবে।

টারমিনেশন বা চাকুরীচ্যুত / বরখাস্ত এইচ.আর.এম/দআ--/২০০৫ তাং: ২৮.০৪.০৫

নিয়ম ও আইন বহির্ভূতভাবে মৌখিক নির্দেশে কোন শ্রমিক বা কর্মচারীকে ফ্যাক্টরী থেকে বহিষ্কার করা যাবে না। শাস্তিমূলক ব্যবস্থা নিতে হলে আইন অনুযায়ী পদক্ষেপ নিতে হবে। প্রয়োজনে লেবার রিলেশন বিভাগ বা এফএইচআরও বিভাগের সাথে যোগাযোগ করতে হবে। এর অন্যথা হলে সংশ্লিষ্ট ব্যবস্থাপকের বিরুদ্ধে উপযুক্ত ব্যবস্থা গ্রহণ করা হবে।

ফ্যাক্টরী থেকে যাতে কোন মালপত্র চুরি না হয় এ ব্যাপারে সংশ্লিষ্ট কর্মকর্তাদের কড়া নজর রাখতে হবে। শুধুমাত্র সিকিউরিটি গার্ডদের উপর দোষ চাপিয়ে দিলে চলবে না। এ মর্মে ব্যবস্থাপকগণ সিকিউরিটি গার্ডদের পাশাপাশি কোন ফ্লোর বা অফিস কর্মকর্তাকে ছুটির সময় গেটে উপস্থিত থেকে নজরদারী করার জন্য ব্যবস্থা নিতে পারেন।

যে সকল আইটেম বেশী চুরি হওয়ার সম্ভাবনা থাকে সেক্ষেত্রে প্রথম হতেই সতর্কতা অবলম্বন করা উচিত। কোন সেকশন থেকে অন্য সেকশনে মালামাল প্রদান বা গ্রহণের সময় লিখিত রেকর্ড রাখা এবং তদারকি করা উচিত। হঠাৎ যদি শিপমেন্টের ২/৩ দিন আগে জানানো হয় যে ১০০০/২০০০/৫০০০ পিস মালের হিসাব পাওয়া যাচ্ছে না তাহলে তা সুপারভাইজার, কর্মচারী এবং সর্বোপরি ম্যানেজারদের উদাসীনতা ও অমনোযোগিতার পরিচয় বহন করে।

যদি কোন সিকিউরিটি কাজে অবহেলা করে তবে তার ইনচার্জ, সুপারভাইজার এবং প্রয়োজনে পরিচালকের সাথে যোগাযোগ করতে বলা হচ্ছে।

মাইগ্রেশন সংক্রান্ত ৪ এইচ আর এম মিটিং তারিখঃ ১৫.১২.০৭

শ্রমিকের মাইগ্রেশন কমানোর জন্য নিম্নলিখিত নির্দেশনা প্রদান করেনঃ

১. শ্রমিকদের সহিত ব্যবস্থাপকদের যোগাযোগ ও সম্পৃক্ততা বৃদ্ধি করতে হবে।
২. শ্রমিকদের সুবিধা-অসুবিধা সমূহ প্রকাশ করার সুযোগ প্রদান ও এ ব্যাপারে কারখানা ব্যবস্থাপকদের সহনশীল হতে হবে।
৩. নতুন শ্রমিক দক্ষ হওয়ার পর ৫০.০০ টাকা বেতন বৃদ্ধির জন্য অন্য জায়গায় চলে যায় পরে এর চাইতে বেশী বেতনে লোক নিতে হয়, তাই তাদের বেতন বৃদ্ধির সুপারিশ করতে হবে।
৪. শ্রমিকদের সহিত ব্যবস্থাপকদের ও সুপারভাইজারদের সম্পর্ক উন্নয়ন ও ভাল আচরন নিশ্চিত করতে হবে।
৫. শ্রমিক মাইগ্রেশন ও নিয়োগের রেকর্ড ব্যবস্থাপকদের কাছে রাখতে হবে।
৬. কারখানায় স্টোর গুলোতে অব্যাহত ভাবে অডিট করার জন্য ও কনজাম্পশন অনুযায়ী ফেব্রিক চেক আপ করে পাক্ষিক রিপোর্ট দাখিল করার জন্য ডিজিএম/এজিএম - স্টোর কে নির্দেশ দেন।
৭. ফ্যাক্টরীতে নিয়োগ কোম্পানীর নিয়মানুযায়ী হয়না, বিশেষ করে বয়স নির্ধারণের বিষয়টি গুরুত্ব সহকারে দেখার জন্য বলা হয়।
৮. কর্মীদের ব্যক্তিগত ফাইলে অসংগতি বিদ্যমান। একই ব্যক্তির একেক ফরমে একেক রকম তথ্য পাওয়া যায়, যা কাজের ক্ষেত্রে পেশাদারিত্বের ঘাটতি হিসেবে দেখা হয়, বায়োডাটা, নিয়োগপত্র, বেতন শিট প্রভৃতি ক্ষেত্রে একই ব্যক্তির ভিন্ন রকম স্বাক্ষরের ফলে যে কোন সময় কম্পন্ট্রায়সের ক্ষেত্রে মারাত্মক সমস্যার কারন হতে পারে।
৯. কারখানায় বিভিন্ন ফ্লোরে ভিন্ন ভিন্ন ফরম ব্যবহার করা হয়।
১০. ওভার টাইম ও টিফিন এর শিটে অনুমোদনকারীর স্বাক্ষর থাকে না। কারখানার এইচআর কে এ ব্যাপারে ভূমিকা রাখার জন্য বলেন।
১১. হাউজ কিপিং ও ক্লিনিং এর মান সন্তোষ জনক নয়। সঠিক হাউজ কিপিং ও ক্লিনিং কমপ্লায়েন্সের জন্যও জরুরী।
১২. কর্মদক্ষতা বৃদ্ধির লক্ষ্যে সঠিক প্রক্রিয়ায় সঠিক লোক নির্বাচন করতে হবে।
১৩. কারখানার এইচ আর/এডমিন স্টাফদেরকে গতানুগতিক কাজের বাইরে প্রোডাকশন স্টাফদের বিভিন্ন ক্ষেত্রে পরামর্শ প্রদান করতে হবে, পরামর্শের মাধ্যমে কর্মীর উৎপাদনশীলতা বাড়াতে হবে ও ওয়েজটেন্স কমাতে হবে।

১৪. কর্মরত কর্মীদের মধ্য থেকে ভাল ও খারাপ মানের কর্মী বাচাই করতে হবে, ভাল কর্মীকে অধিক উৎসাহ ও খারাপ কর্মীদের বিরুদ্ধে যথাযথ ব্যবস্থা গ্রহণ করতে হবে।
 ১৫. কর্মীদের স্কিল মেট্রিক্স করতে হবে, স্কিল মেট্রিক্স এর আলোকে পরবর্তী কার্যক্রম গ্রহণ করতে হবে।
 ১৬. ভিন্ন ভিন্ন সমস্যা সমাধানের জন্য সঠিক সময়ে সঠিক ব্যক্তিকে অবহিত করতে হবে, সমস্যা চিহ্নিত করণ, অবহিতকরণ ও সমাধান খুবই জরুরী।
 ১৭. সমস্যা সমাধানের জন্য যে কোন সময় যে কোন ব্যক্তির কাছে প্রত্যক্ষ বা পরোক্ষ যোগাযোগ পূর্বক তা সমাধানের যথাযথ প্রক্রিয়া অনুসরণ করতে হবে।
- যারা কাজ কর্ম করে না বা কাজে ফাঁকি দেয়ার প্রবণতা আছে তাদের খুঁজে বের করে ব্যবস্থা গ্রহণ করতে হবে। কাজের প্রতি ফলো - আপ রাখতে হবে ও সময়মত ফিডব্যাক দিতে হবে।

এইচ আর এম মিটিং

তারিখঃ ১৫.১২.০৭

ডাইরেক্টর গ্র্যান্ড সিওও সকল অফিসারদের যোগাযোগের ক্ষেত্রে বিশেষ গুরুত্ব রাখতে নির্দেশ দেন যে কোন পরিস্থিতিতে/সমস্যায় যেকোন সময় যে কোন বিষয় হেড অফিসে সঠিক চ্যানেলে জানাতে হবে। তিনি বলেনঃ

১. কারখানা এইচ আর সদস্যরা যদি অনুধাবন করতে পারে যে, কারখানার কোন বিভাগ/ শাখায় অতিরিক্ত জনশক্তি বিদ্যমান আছে সেক্ষেত্রে তা হেড অফিসে জানাতে হবে।
২. কারখানা এইচ আর বিভাগের কোন কাজ যেন কোয়ালিটি/কাটিং/ ফিনিশিং এর লোক দিয়ে না করানো হয়।
৩. কারখানার এইচ আর সদস্যরা অতিরিক্ত জনশক্তি প্রতিরোধ করবেন, নিজেদের কাজের গতিশীলতা বাড়াবেন, কারখানার ম্যান মেশিন অনুপাত নিশ্চিত করবেন।
৪. সকলকে কোম্পানীকে নিজের ভেবে কাজ করার জন্য আহবান জানানো হয়।

জি এম-এইচ আর এম, ফ্যাক্টরী এইচ আরএম সদস্যদের নিম্নোক্ত বিষয়গুলোর প্রতি গুরুত্ব আরোপ করার পরামর্শ দেনঃ

১. ভবিষ্যত মাসিক এইচআরএম মিটিং এর উপস্থিতি হয়ে কার্যকরভাবে অংশগ্রহণ করা।
২. সকল এইচআরএম সদস্যরা যেন এখন থেকে তার দায়িত্ব, কর্তব্য সচ্ছতা ও আত্মবিশ্বাসের সাথে পালন করেন।
৩. কারখানা এইচআরএম এর সহযোগীতায় কারখানায় অনুষ্ঠিত ওয়ার্কার পার্টিসিপেশন কমিটির মিটিং এ এইচআরএম অফিসারগন যেকোন মূল্যে উপস্থিত থাকবেন ও কার্যকর অংশগ্রহণ নিশ্চিত করবেন।
৪. কারখানা এইচআরএম সদস্যগন তাদের নিজ নিজ কারখানায় যাবতীয় পেভিং কাজ কর্মের একটি তালিকা অতিসত্বর তৈরি করবেন ও তা সম্পন্ন করবেন। প্রয়োজনে ফ্যাক্টরী এইচআর অপারেশনএর সহযোগিতা নিবেন।

এইচ আর এম মিটিং (তারিখঃ ২১.০৪.০৬): ডাইরেক্টর গ্র্যান্ড সিওও বলেন আমরা দক্ষ ও যোগ্য ব্যক্তিদেরকে যথাযথভাবে মূল্যায়ন করছি ও অদক্ষ, অযোগ্য ব্যক্তিদের বিরুদ্ধে শাস্তিমূলক ব্যবস্থা গ্রহণ করছি। পারফরমেন্স এপ্রাইজালের মাধ্যমে দক্ষ ও যোগ্য ব্যক্তিদেরকে প্রমোশন ও বেতনবৃদ্ধির ব্যবস্থা গ্রহণ করার পাশাপাশি অদক্ষ ও অযোগ্য ব্যক্তিদের বিরুদ্ধে যথাযথ ব্যবস্থা নেয়া হচ্ছে। তাই তিনি সকলকে দায়িত্ব পালনের ব্যাপারে মনোযোগী ও সতর্ক হওয়ার জন্য নির্দেশ দেন।

ম্যানেজারস্ মিটিং

তারিখঃ ১৯.১১.০৫ ও ২৬.১১.০৫

ব্যবস্থাপনা পরিচালক স্যারের সাথে মিটিং এর সার সংক্ষেপঃ

১. বিভিন্ন ফ্যাক্টরীতে যৌক্তিকহারে মানব সম্পদ ব্যবহার হচ্ছেনা, এ বিষয়টি সকলকে গুরুত্ব সহকারে দেখতে বলেন।
২. প্রোডাকশনের সকলকে বিভিন্ন গুনাবলী বিবেচনা করে গ্রোডিং সিস্টেম চালু করতে হবে, যোগ্যদেরকে সামনের দিকে এগিয়ে নিয়ে আসতে হবে।
৩. তিনি ফ্যাক্টরীর টার্নওভার নিয়ে অসন্তোষ প্রকাশ করেন, তিনি বলেন এর জন্য দায়ী হল: নতুনদেরকে যথাযথভাবে গ্রহণ না করার মানসিকতা, ওরিয়েন্টেশন না দেয়া, জব ডেসক্রিপশন না দেয়া বা তাদেরকে কী করতে হবে, কিভাবে করতে হবে, কিভাবে সমস্যা সমাধান করা যাবে তার ধারণা না দেয়া।

৪. কর্মক্ষেত্রে যাদের কর্মদক্ষতা কম/কাজ না করে যারা ঘুরে বেড়ায় তাদেরকে খুঁজে বের করতে হবে ও তাদের জন্য প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণ করতে হবে।
৫. হেড অফিসের অনুমতি ব্যতিত কারখানায় লোক নিয়োগ বন্ধ করতে হবে।
৬. অপারেটর ও হেলপার মাইগ্রেশন সংক্রান্ত ডাটা ফ্যাক্টরী এইচ আর হেড অফিস এইচ আর কে প্রেরণ করবে।
৭. ফ্যাক্টরী এইচ আর এখন থেকে মাইগ্রেশন, অনুপস্থিতি, ওটি রেশিও, টিফিন বিল ইত্যাদির উপর পর্যালোচনা করে কার্যকর ব্যবস্থা গ্রহণ করবে, প্রয়োজনে তারা কর্পোরেট এইচ আর এর সহায়তা নিবে।
৮. তিনি সেল অব বিলিংগিংনেস/ ওনারশীপ এর উপর গুরুত্বারোপ করেন, যতক্ষণ না পর্যন্ত শ্রমিক/ কর্মচারী/ কর্মকর্তাদের মধ্যে সেল অব বিলিংগিংনেস/ ওনারশীপ না আসবে ততক্ষণ পর্যন্ত ভাল ফল আশা করা যায় না।
৯. যোগ্য কর্মী বাছাই করে কাজ ও দায়িত্ব ডেলিগেশন করতে হবে, ডেলিগেশনের মাধ্যমে কর্মী অধিক দায়িত্ব নিতে শিখে।
১০. তিনি সবাইকে খোলা মনের অধিকারী হতে বলেন, নতুন ধ্যান ধারণা কে গ্রহণের মাধ্যমে প্রতিদ্বন্দ্বিতামূলক কর্মক্ষেত্রে নিজেদেরকে আরও দক্ষ হওয়ার আহবান জানান।
১১. বেতন/ মজুরী/ হলিডে/ নাইট ইত্যাদি শীট তৈরী ও যথাসময়ে কেন্দ্রীয় এইচ আর এ প্রেরণ করার জন্য বলেন। তিনি কারখানা থেকে প্রেরিত বিভিন্ন প্রকার রিপোর্ট এর একটি ইনডেক্স তৈরী করার জন্য বলেন।

কমিউনিকেশন ও নেট ওয়ার্কিং গুণাবলীর জন্য যে কেউ পেশার শীর্ষে উঠতে পারে, সকলকে ফরমাল ও ইনফরমাল যোগাযোগ বাড়াতে হবে, অন্যান্য সকলের সাথে বিশ্বাস ও আস্থার সম্পর্ক স্থাপন করতে হবে ও তাকে লালন করতে হবে। পারস্পরিক বিশ্বাস ও আস্থার মাধ্যমে যে কোন কঠিন কাজও সহজে করা যায়।

- কারখানার শ্রমিকরা ও নিম্ন পর্যায়ের কর্মকর্তাগণ প্রধান কার্যালয়ের বিভিন্ন পলিসি নিয়ে সমালোচনা করে বিভ্রান্তি সৃষ্টি করেন। সকলকে এসব বিষয় কঠোরভাবে নিয়ন্ত্রণ করার নির্দেশ প্রদান করা হয়। বন্ধের দিনের কাজের বিজ্ঞপ্তি সঠিক সময়ে নোটিশ বোর্ডে লাগানো ও তুলে ফেলা হলো কিনা তাহা নিশ্চিত করার জন্য নির্দেশ দেন।
- কারখানা প্রধানগণকে শ্রমিকদের মোটিভেশন দেয়ার জন্য বলা হয়, মোটিভেট থাকলে তারা অধিক উৎপাদনে সক্ষম হবে ও কারখানার ভিতরে শ্রমিক অসন্তোষ সৃষ্টি হবে না।
- কারখানার শৃংখলা ও ব্যবস্থাপনা উন্নয়নের জন্য রেড কালার, রেড মোভমেন্ট, রেড সাউন্ড, রেড টাইমিং, রেড কমেন্ট ইত্যাদি বিষয়ের ব্যাপারে সকলকে সতর্কতার সাথে কাজ করার পরামর্শ দেয়া হয়।

একাউন্টস বা বিল সংক্রান্ত মিটিং মাইনুটস সমূহ

বিলম্বে হাজিরা জ্ঞানিত বিজ্ঞপ্তি

পিজিআই/সিএইচও /এইচ আর এম /অসি/৩৪ তাং: ২৫.০৬.০৭

বিলম্বে হাজিরার জন্য বেতন কর্তন প্রসঙ্গে:

১. হেড অফিস ও ফ্যাক্টরী অফিস স্টাফদের মধ্যে যারা কর্মস্থলে বিলম্বে উপস্থিত তাদের বিরুদ্ধে ইতোপূর্বে ইস্যুকৃত অফিস সার্কুলার নং: পিজিআই/সিএইচও /এইচ আর এম /অসি/৩২ তাং-৬ জুন ০৭ এবং পিজিআই/সিএইচও /এইচ আর এম /অসি/২০০৫ তাং ২৯ জুন ২০০৬ এ বর্ণিত বিধান অনুযায়ী শাস্তিমূলক ব্যবস্থা গ্রহণ করা হবে।
২. বেতন হতে কর্তনের জন্য প্রত্যেক কর্মকর্তা-কর্মচারীর বিলম্ব গণনার ক্ষেত্রে নির্ধারিত অফিস সময় হতে সর্বোচ্চ ১৫ মিনিট গ্রেস পিরিয়ড হিসাবে বিবেচনা করা হবে। এ নিয়মটি শুধুমাত্র ফ্যাক্টরী অফিস স্টাফদের জন্য প্রযোজ্য
৩. যেসকল কর্মকর্তা-কর্মচারীর বিলম্বে উপস্থিতি প্রমাণিত হবে তার বা তাদের বিরুদ্ধে উল্লেখিত সার্কুলারে বর্ণিত নিয়মানুযায়ী প্রতি ৩ (তিন) দিন বিলম্বে উপস্থিতির জন্য ১ (এক) দিনের বেসিকের সমপরিমাণ বেতন কাটা হবে। এ বিষয়ে কারও কোন ওজর/আপত্তি গ্রহণযোগ্য বলে বিবেচিত হবে না।
৪. বিলম্ব গণনার ক্ষেত্রে কর্মকর্তা/কর্মচারীর পূর্ব কর্মদিবসের কর্মস্থল ত্যাগের সময়কে বিবেচনায় আনা হবে।
৫. কোন কর্মকর্তা কর্মচারীর বেতন হতে বিলম্বে উপস্থিতির অভিযোগে যদি তিন বা ততোধিকবার বেতন হতে কর্তন করা হয়, তাহলে উক্ত কর্মকর্তা-কর্মচারীর পারফরমেন্স মূল্যায়ন সম্পন্ন করে তার বা তাদের বিরুদ্ধে চূড়ান্ত শাস্তিমূলক ব্যবস্থা গ্রহণ করা হবে।

পিজিআই/ সিএইচও /এইচ আর এম / ও সি/ তাং:২৭.০৭.০৭

ব্যবস্থাপনা কর্তৃপক্ষের সিদ্ধান্ত মোতাবেক পলমল গ্রুপে নিয়োজিত কর্মকর্তা-কর্মচারীদের মধ্যে যাদের মাসিক বেতন ১৫০০০.০০ (পনের হাজার) টাকা বা তার বেশী, তাদের বেতন ভাতাদি ব্যাংক একাউন্টের মাধ্যমে পরিশোধ করা হবে। তাই যাদের মাসিক বেতন ১৫০০০.০০ (পনের হাজার) টাকা বা তার বেশী তাদেরকে ব্রাক ব্যাংক, গুলশান শাখায় ব্যক্তিগত একাউন্ট খোলতে হবে।

এ প্রেক্ষিতে সদ্য তোলা ২ কপি পাসপোর্ট সাইজের ছবি, নমিনির ছবি এবং আই ডি কার্ডের ফটোকপি একাউন্ট খোলার সময় জমা দিতে হবে। উল্লেখ্য ব্রাক ব্যাংকের প্রতিনিধি সংশ্লিষ্ট বিভাগ বা ফ্যাক্টরীতে গমন করে একাউন্ট খোলার কার্যকরী ব্যবস্থা গ্রহণ করবে। এ সংক্রান্ত বিষয়ে প্রয়োজনে একাউন্টস ডিপার্টমেন্টের সাথে যোগাযোগ করার জন্য বলা যাচ্ছে।

ম্যানেজার্স মিটিং

তারিখ ০৯.১১.০৬ ও ১১.১১.০৬

রাত্রিকালীন ওটি কমানোর ব্যাপারে কারখানা প্রধানগণকে সর্বদা সতর্ক থাকার পরামর্শ দেন। রাতের বেলায় ওটি করানোর সময় কারখানার কোন দায়িত্ববান ব্যক্তি উপস্থিত থাকেনা ফলে এসকল কাজের কোন জবাবদিহিতা থাকেনা, তাই এখন থেকে ওটি করার সময় কমপক্ষে এপিএম পদমর্যাদার একজন কর্মকর্তা অবশ্যই উপস্থিত থাকবেন।

কিছু কিছু কারখানায় উৎপাদনের তুলনায় ওটি খরচ আশংকাজনক হারে বেড়েছে, সকলকে যথাযথভাবে প্রোডাকশন ও ওটি প্লানিং করে খরচ কমানোর কথা বলেন। নতুন ফর্ম যেমন: ওটি, কস্ট এনালাইসিস, ডেইলি ওটি রিকুইজিশন ইত্যাদি সম্পর্কে সকলকে অবহিত করেন ও ১৫ মে ২০০৬ তারিখ হতে এ ফর্ম সকল কারখানায় চালু করার নির্দেশ দেন।

নির্ধারিত ওটি লিমিট এর অতিরিক্ত ওটি করাতে হলে তার জাস্টিফিকেশন, সংশ্লিষ্ট মার্চেন্ডাইজারের কমেণ্টস্ সহ সম্মানিত এম ডি মহোদয়ের অনুমোদন নিতে হবে। পিএম ও অন্যান্য ম্যানেজারগণকে এই অতিরিক্ত ওটি সম্পর্কে জানতে হবে।

কারখানার হিসাব রক্ষকরা শুধু মাত্র পেটি ক্যাশ এর হিসাব রাখে। তাদেরকে কারখানার একাউন্টস রিলেটেড বিভিন্ন কাজ যেমন: মজুরী শিট ও ওটি প্রস্তুত/চেক করা, পে স্লিপ তৈরী/বিতরণ করা, আর্ন লিভ স্টেটমেন্ট ও তার ভাউচার প্রস্তুত ও রক্ষনাবেক্ষন করা ও প্রতিদিনের খরচ এর হিসাব রাখা ইত্যাদি বিষয়ে তাদেরকে দায়িত্ব দিতে হবে।

ষ্টোর সংক্রান্ত সার্কুলার সমূহ

গার্মেন্টস ডেলিভারি সংক্রান্ত

তাং: ১৬.০৬.০৯

কাপড় ডাই-লট অনুযায়ী সনাক্তকরণ ও পৃথক করা কঠিন দূরূহ হলেও ফ্যাক্টরীর চাহিদানুযায়ী কাপড় সরবরাহ করতে হবে। কোন অবস্থাতেই ভুল কাপড়/এক্সেসরিজ সরবরাহ করা যাবেনা।

যদি কোন কাপড়ের পরিমাণ কম বা জিএসএম এর তারতম্য হয় কিংবা রং/সেড না মিলে তৎক্ষণাত ষ্টোরের জি এম ও সংশ্লিষ্ট মার্চেন্ডাইজিং বিভাগের প্রধানগণের সাথে যোগাযোগ করবেন, উনারাই আপনাকে সিদ্ধান্ত দিবেন। ফ্যাক্টরী সাব-ষ্টোরের দায়িত্বে যারা আছেন তারা কাটিং টেবিল পরিদর্শন করবেন ও কাপড় সঠিকভাবে কাটা হচ্ছে কিনা তা যাচাই করবেন। সঠিক কাপড়, রং ও জিএসএম ইত্যাদি শেষ বারের মত আরেকবার পরীক্ষা-নিরীক্ষা করবেন। ষ্টোরে কর্মরত কোন ব্যক্তির কারণে কোম্পানীর ভাবমূর্তি ক্ষুণ্ণ হলে বা কোম্পানী আর্থিকভাবে ক্ষতির সম্মুখীন হলে তার বিরুদ্ধে আইনগত ব্যবস্থা নেয়া হবে।

তাং: ২৪.১০.০৭

শিপমেন্ট কমপ্লিট হওয়ার ৫/৬ দিনের মধ্যে সকল প্রকার অতিরিক্ত বা অব্যবহৃত মালামাল হিসাব করে কোম্পানীর কেন্দ্রীয় গুদামে পাঠানোর নির্দেশ দেওয়া গেল। অন্যথায় এধরনের মালামালের যেকোন ধরনের ক্ষতি বা চুরির জন্য কারখানার সংশ্লিষ্ট লোকজন দায়ী থাকবেন।

ট্রান্সপোর্ট সংক্রান্ত সার্কুলার সমূহ

তাং: ২৭.১২.০১

ফ্যাক্টরী ম্যানেজার, হেড অফিসের মার্চেন্ডাইজার, কিউ সি ম্যানেজার ও গোডাউন ম্যানেজারগণকে এই মর্মে নির্দেশ দেয়া যাচ্ছে যে, প্রয়োজন অনুযায়ী পূর্ব থেকেই পলমলক্সপের ট্রান্সপোর্ট মেনটেন্যান্স ইঞ্জিনিয়ার এর নিকট হতে আপনাদের চাহিদা অনুযায়ী গাড়ি/ কন্টেইনার সরবরাহ নিশ্চিত করবেন। ট্রান্সপোর্ট মেনটেন্যান্স ইঞ্জিনিয়ার এর অনুপস্থিতিতে সেন্ট্রাল গোডাউনের ম্যানেজারকে জানাতে হবে। মালিবাগ সেন্ট্রাল গোডাউনের টেলিফোন নম্বরঃ ৯৩৩৪১৬০/৮৩১৩৪৬৮

এডমিন সংক্রান্ত সার্কুলার সমূহ

পিজিআই/সিএইচিও এডমিন: ০৬/০১ তাং: ১৫.১০.০৬

সরবরাহ আদেশের বুকি মোকাবিলার জন্য প্রতিটা কারখানায় সাধারণত ত্রয় আদেশে উল্লেখিত পরিমানের চেয়ে কিছু বেশি ফেব্রিক এবং অন্যান্য সামগ্রী প্রেরণ করা হয় কিন্তু কাজ শেষ হওয়ার পর অতিরিক্ত ফেব্রিক ও অন্যান্য সামগ্রীর কোন হদিস থাকেনা। তাই এমর্মে সংশ্লিষ্ট সকলকে নিম্নরূপ গাইডলাইনসমূহ পালন করতে নির্দেশ দেওয়া গেল:

- প্রত্যক কর্মকর্তা, কর্মচারী ও কর্মী স্ব-স্ব কর্মস্থলে ব্যক্তিগত নিরাপত্তাসহ কোম্পানী/কারখানার সম্পদ/ সামগ্রীর নিরাপত্তা নিশ্চিত করবেন।
- এক্ষেত্রে কারও দৃষ্টিতে অপরের কার্যক্রম নিয়মনীতির পরিপন্থি দেখা গেলে তাৎক্ষণিক উহা কারখানা বা অফিস প্রধানকে জানাবেন।
- ব্যক্তিগত/কোম্পানী/কারখানার মালামাল/উৎপাদিত সামগ্রী অসৎ উপায়ে কেহ পাচার/আত্মসাৎ করা সাক্ষ্যপ্রমাণ সহ ধরিয়ে দিলে তাকে কমপক্ষে ৫০০/- টাকা পুরস্কৃত করা হবে।
- অফিস বা কারখানার কোন মূল্যবান সামগ্রী/যন্ত্রাংশ অনুরূপ আত্মসাৎ তথ্য সাক্ষ্যপ্রমাণসহ ধরিয়ে দিলে অধিক পুরস্কার দেওয়া হবে। এই পুরস্কার নিরাপত্তাকর্মীসহ সকল কর্মকর্তা/ কর্মচারী ও কর্মীর ক্ষেত্রে একইভাবে প্রযোজ্য

মার্চেন্ডাইজ সংক্রান্ত সার্কুলার

ম্যানেজার্স মিটিং (তারিখ ২৯.০৪.০৬ ও ০৩.০৫.০৬)

মার্চেন্ডাইজারগণকে মাসে কারখানায় ২/৩ বার ভিজিট করতে হবে। সাপ্লাইয়ারদেরকে অর্ডার দিয়ে ঐ মালামাল কারখানায় পৌছাল কিনা তাহা মার্চেন্ডাইজারকে নিশ্চিত করতে হবে। মেশিন সম্পর্কিত কোন সমস্যা থাকিলে সাথে সাথে তাকে জানানোর জন্য বলা হয়।

- মার্চেন্ডাইজারগণ নির্ধারিত ষ্টাইলের জন্য পি পি মিটিংএর আয়োজন করবেন
- ঐ মিটিংএ মার্চেন্ডাইজারগণ, কারখানা ব্যবস্থাপক ও ষ্টোর ম্যানেজার/ইনচার্জ, হেড অফিস ও কারখানার কিউ এ ম্যানেজার ও ইনচার্জ গণ উপস্থিত থাকবেন। মিটিং এ লাইন চীফ ও ফ্লোর ইনচার্জদের উপস্থিত থাকা আবশ্যিক।

মিটিং এ কারখানা অর্ডার ও ষ্টাইল অনুসারে ইনভেন্টরী রিপোর্ট দাখিল করবে যাতে সংশ্লিষ্ট ষ্টাইলের এক্সেসরিজ সম্পর্কে আলোচনা ও পর্যালোচনা করা যায়।

হেড অফিস মার্চেডাইজিং, সেন্ট্রাল স্টোর এর সহিত যোগাযোগ বৃদ্ধি প্রসংগেঃ

স্যাম্পল এফ্রভ না হওয়ার কারনে কারখানায় অনেক সময় কাজ বন্ধ থাকে। কারখানার ব্যবস্থাপনার সঠিক প্লানিং ও দূরদর্শিতার অভাব এর জন্য দায়ী। কারখানা ম্যানেজমেন্ট এর সাথে সুপারভাইজার লেবেল ও কোন শ্রমিকের মিটিং হয়না ফলে কারখানা ম্যানেজমেন্ট প্রকৃত সমস্যা চিহ্নিত করতে পারেনা যা মান সম্মত উৎপাদনে বড় বাঁধা। তাই সপ্তাহে একবার সুপারভাইজারদের সাথে মিটিং করতে হবে।

জিএম-কমপ্লায়েন্স বলেন কারখানা প্রধানগন উৎপাদনের বিষয়কে প্রাধান্য দেন কমপ্লায়েন্স ইস্যুগুলিকে গুরুত্ব সহকারে দেখেন না কিন্তু কারখানা কে বাঁচাতে হলে কারখানার কমপ্লায়েন্স ইস্যুগুলির তদারকি করতে হবে।

জিএম-কিউএ বলেন মার্চেডাইজারগনকে কারখানা ও সেন্ট্রাল স্টোর এর সাথে কোর্ডিনেশন ও যোগাযোগ বাড়াতে হবে। প্রকিউরমেন্টএর ব্যাপারে আমাদের বিশেষভাবে লক্ষ্য রাখতে হবে তা না হলে উৎপাদন জনিত সমস্যার সমাধান হবেনা।

তারিখঃ ২৩.১০.০৫ ও ২১.১০.০৫)

কোন অর্ডারের প্রোডাকশন এর ব্যাপারে পূর্ণাঙ্গ ফাইল থাকতে হবে ও বায়ার কর্তৃক এফ্রভ সকল স্যাম্পল মজুদ থাকতে হবে বায়ারগন কোন স্যাম্পল অনুমোদন করার পূর্বে যে সাইড কমেন্ট দেন তা মার্কার কলম দিয়ে স্যাম্পলের গায়ে হাইলাইট করতে হবে, ফলে ভুল হবার সম্ভবনা কমে যায় ও বায়ারের নির্দেশনা সমূহ ১০০% পূরণ করা যায়, ফাইলে মধ্যে ট্রিমকার্ড অবশ্যই থাকতে হবে যা মার্চেডাইজার কর্তৃক অনুমোদিত হতে হবে। গার্মেন্টস টেস্ট রিপোর্ট অবশ্যই অনুসরণ করতে হবে।

সামষ্টিক ব্যয় বৃদ্ধিঃ

- উৎপাদন বৃদ্ধি করে ও রিজেক্ট কমিয়ে এক্সেস শিপমেন্ট প্রদানের মাধ্যমে বর্ধিত ব্যয় নির্বাহের ব্যবস্থা করতে হবে।
- ফ্যাক্টরী ব্যবস্থাপকদের তাহাদের ফ্যাক্টরীস্থ সকল ক্রটিযুক্ত মেশিন সমূহের দ্রুত মেরামত নিজ দায়িত্বে সম্পন্ন করার পরামর্শ প্রদান করেন। বেল্ট, প্যানেল বোর্ড বা রোটারী লুক সহ অন্য কোন পার্টসের কারনে একেজো মেশিন সমূহ দ্রুত মেরামত নিশ্চিত করতে উক্ত পার্টস সমূহের রিকুইজিশন পাশ করে শীঘ্র মেরামত নিশ্চিত করার পরামর্শ প্রদান করেন।
- খুচরা যন্ত্রাংশ ও মেশিন পার্টস এর ক্ষেত্রে কল রিপোর্ট সিস্টেম চালু করতে হবে এবং খারাপ কোয়ালিটির পার্টস সাপ্লাই দেয়া হলে তা দ্রুত ফেরত দিতে হবে। মূল্যবান যন্ত্রাংশ সমূহ প্রয়োজনে সরাসরি এল সি'র মাধ্যমে ইমপোর্ট করতে হবে।

Programable Machine সমূহ Supplier এর লোক এনে সকল ফ্যাক্টরীতে প্রশিক্ষনের ব্যবস্থা নিতে হবে। এভাবে ফ্যাক্টরীস্থ মেকানিকদের প্রশিক্ষন দিয়ে Programable Machine সমূহ ব্যবহার করে আমরা লাভবান হতে পারি। একেবারে নষ্ট মেশিন সমূহ পর্যায়ক্রমে সরিয়ে নিয়ে বাকি সব মেশিন মেরামত করতে হবে।

স্যাম্পল ও সাইজ সেট প্রস্তুত করন ও বায়ারস্ অফিসে প্রেরন / শিপমেন্টঃ

১. প্রক্সিমিটি রিপোর্ট অনুযায়ী মোট উপস্থিতির সাথে ফিজিক্যাল উপস্থিতি সকালে ও নাইট শিপ্টে নিয়মিত চেক করতে হবে।
২. শেষ মুহূর্তে ট্রিমস/এক্সেসরিজ শর্ট রিপোর্ট না করে অন্তত ২/৩ সপ্তাহ পূর্বে রিপোর্ট করতে হবে। ৫% শর্ট শিপমেন্ট হলে সিএম এর ২৫% প্রকৃত লস হয় তাই সকল ফ্যাক্টরী হেডকে ১% এক্সেস শিপমেন্ট দিতে পরামর্শ দেয়া হয়।
৩. সকলকে প্রাথমিক শিপমেন্ট ডেটের মধ্যেই মাল শিপমেন্ট করতে বলা হয়। নির্দিষ্ট সময়ের মধ্যে উৎপাদন সম্পন্ন না হওয়ার সম্ভবনা থাকলে অন্ততঃ ২০ দিন আগে তা জানানো কিংবা অন্য ফ্যাক্টরীর হেল্প নিবেন, দরকার হলে সাব-কন্ট্রাক্ট দিবেন কিন্তু এয়ার হতে দেয়া যাবেনা।
৪. শর্ট শিপমেন্ট একটি অন্যতম সমস্যা, কোন অর্ডারে মাত্র ৩% শর্ট শিপমেন্ট হলে ঐ অর্ডারে কোন লাভ থাকেনা। গ্যাপ ও ওয়ালমার্ট (কানাডা) এর অর্ডার সমূহ বায়ারকে ফাইনাল ইন্সপেকশন এর জন্য অফার করার পূর্বে নিজস্ব ইন্সপেকশন টিম দ্বারা সম্পূর্ণ চেকিং করতে হবে।

স্টোর এর চাবি সংক্রান্ত

পিজিআই/সি এইচ ও/এইচ আরএম/ওও/০৬ তাং: ১৪.০৫.০৬

কারখানার বিভিন্ন স্টোরের চাবি লেবারদের হাতে দেয়ার ফলে তাদের মধ্যে অসাধুতা অবলম্বনের সুযোগ সৃষ্টি হয়েছে। যাহা কোন অবস্থাতেই ক্ষমার যোগ্য নহে। স্টোর ম্যানেজার/অফিসার/ইনচার্জ স্বয়ং লেবার সাথে নিয়ে স্টোর এ মালামাল স্টোরিং ইস্যু/বিতরণ করিবেন। ইহার ব্যতিক্রম হলে সংশ্লিষ্ট দায়িত্ব প্রাপ্ত স্টোর ম্যানেজার/অফিসার/ইনচার্জগণ দায়ী থাকিবেন।

ম্যাটেরিয়াল ডিসপোজাল সংক্রান্ত

পিজিআই/সি এইচ ও/ওসি/এলপিডি/২০০৬ তাং: ০৫.০২.০৬

পলমল গ্রুপের অধীনস্থ সকল কারখানা সমূহে সুতা ব্যবহারের পর উহার খালি ববিন, লুজ সুতা ও ইনট্যাঙ্ক সুতা একত্রিত করে সেন্ট্রাল স্টোর এর জিএম বরাবর পাঠাতে হবে। এখানে উল্লেখ্য যে, প্রত্যেকটি স্টাইল এর জন্য সংশ্লিষ্ট কারখানা কত কোণ সুতা গ্রহন করেছেন তাহা সংশ্লিষ্ট স্টাইলের উৎপাদন শেষে কতগুলি খালি ববিন ফেরত দিয়াছেন তাহা যথাযথভাবে চেক করা হবে। সকল কারখানার স্টোর ম্যানেজারগন খালি

ববিন ফেরত দিয়েছেন তাহা যথাযথভাবে চেক করে হবে। সকল কারখানার ষ্টোর ম্যানেজারগণ খালি ববিনগুলো পাঠানোর ব্যাপারে দায়বদ্ধ থাকবে, পাঠানো নিশ্চিত করবে ও এ বিষয়ে ম্যানেজমেন্টকে সমস্ত রিপোর্ট দাখিল করবে।

ফ্রেব্রিক ও একসেসোরিস কনজাম্পশন সংক্রান্ত

তাং:১৯.১০.০৪

অর্ডার শুরু করার পূর্বে ফ্রেব্রিক ও এক্সেসরিজ কনজাম্পশন এর ব্যাপারে নিম্নলিখিত নির্দেশ গুলি মেনে চলবেনঃ

অর্ডার শুরু করার পূর্বে ফ্রেব্রিক ও এক্সেসরিজ কোথা হতে আসবে তাহা সেন্ট্রাল গোডাউনরে ষ্টোর ম্যানেজার বা সংশ্লিষ্ট ষ্টাফ এর নিকট হতে জেনে নিবেন। সেন্ট্রাল গোডাউন হতে কোন সমাধান দিতে না পারিলে তখনই হেড অফিসে যোগাযোগ করিবেন। যে কোন গার্মেন্টস এর প্রোডাকশন শুরু করার পূর্বে তার ফ্রেব্রিক ও এক্সেসরিজ কনজাম্পশন হেড অফিসের সংশ্লিষ্ট মার্চেন্ডাইজার ও প্যাটার্ন মাস্টার হতে লিখিতভাবে অবশ্যই অনুমোদন করে নিবেন। প্রথমই শিপমেন্টের পরিমানের অনুপাতে ০১ হতে ৩০০ পিসের একটি ছোট কাটিং দিবেন। এ সময় কোন সমস্যা লক্ষ্য করলে তাহা হেড অফিস ও বায়িং অফিসের সাথে আলোচনা করে সমাধান করতে হবে। প্রতি অর্ডারের প্রোডাকশন করার ঠিক মাঝামাঝি সময়ে আপনার ষ্টোর অফিসারকে দিয়া আপনার কনজাম্পশন অনুযায়ী কাটিং ও প্রোডাকশন ঠিক আছে কিনা তা নিশ্চিত করবেন। কোন ফ্যাক্টরী যদি অনুমোদনের অতিরিক্ত কনজাম্পশন এ মাল কাটেন এবং অর্ডার অনুযায়ী প্রোডাকশন শর্ট হয় তাহা হলে এর জন্য ফ্যাক্টরী জিএম/ ডিজিএম/এফ এম/ পিএম সম্পূর্ণ দায়ী থাকবেন।

ম্যাটেরিয়াল ডিসপ্যাস সংক্রান্ত

ফ্যাক্টরীতে তে চালান/ গেট পাস অনুমোদন করার নিয়মাবলীঃ

ফ্যাক্টরীতে যে কোন ধরনের মালামাল বাইরে পাঠাতে হলে জিএম/এফএম ও পিএম কর্তৃক স্বাক্ষরকৃত প্রাথমিক অনুমিত পত্র দিতে হবে। প্রাথমিক অনুমতি পত্রের ভিত্তিতে ষ্টোর ম্যানেজার/ষ্টোর অফিসার চালান বা গেট পাস লিখবে এবং চালানের নাম্বার প্রাথমিক অনুমতি পত্রের উপর লিখে রাখবে। এতে জিএম/এফএম ও পিএম শুরুতেই বুঝতে পারবে কিকি মালামাল লোডিং করতে হবে এবং তাদের উপস্থিতি ছাড়া মাল ও গাড়ী গেটের বাহিরে যাবেনা।

এডমিন ম্যানেজার কর্তৃক মনোনীত ষ্টোর ডিপার্টমেন্ট ব্যাতিত অন্য ডিপার্টমেন্ট হতে একজন ষ্টাফ ও সিকিউরিটি প্রতিনিধিদের প্রত্যক্ষ উপস্থিতিতে খাতায় এন্ট্রি করে গাড়িতে মালামাল লোডিং করতে হবে এবং তাদের উপস্থিতি ছাড়া মাল ও গাড়ী গেটের বাহিরে যাবেনা। ষ্টোর ম্যানেজার বা অফিসার চালান বা গেট পাস স্বাক্ষর করার পর সিকিউরিটি তার খাতায় এন্ট্রি করা পরিমানের সাথে চালানের পরিমান মিলায়ে দেখবে ও পরিমান সঠিক হলে সিকিউরিটি চালান বা গেট পাসের কপিতে স্বাক্ষর করবে।

জিএম/এফএম ও পিএম এর ফাইনাল এপ্রভাল নেয়ার পূর্বে অবশ্যই এডমিন বা কমপ্লায়েন্স ম্যানেজার স্বাক্ষর করবে। সিকিউরিটি যতগুলি চালান/ গেট পাস এর মাধ্যমে মালামাল আসা যাওয়া করিবে তা ধারাবাহিকভাবে গুডস ইনকামিং ও আউটগোয়িং রেজিস্টারে এন্ট্রি করবে ও এই রেজিস্টার দৈনিক ভিত্তিতে দেখে এডমিন ম্যানেজার স্বাক্ষর করবে যেখানে এডমিন ম্যানেজার নাই সেখানে জিএম/ এফএম বা পিএম স্বাক্ষর করতে হবে।

কমপ্লায়েন্স এন্ড প্রকিউরমেন্ট সংক্রান্ত :

তাং:১৩.০১.০৫

বড় বড় গার্মেন্টস এর অর্ডার ফ্যাক্টরীতে চালু হওয়ার পূর্বেই ৫০% সুইং সুতার বুকিং দিতে হবে। বাকী ৫০% সুতা গার্মেন্টস প্রোডাকশন আরম্ভ হওয়ার ২/৩ দিনের মধ্যে সুতার প্রকৃত হিসাব কমার্শিয়াল এক্সিকিউটিভ এর নিকট লিখিতভাবে জানাবেন। যাতে সময়মত বুকিং দেয়া হয় ও সুতা প্রকিউরমেন্ট করা যায়। ফ্যাক্টরী জেনারেল ম্যানেজার/ ডেপুটি জেনারেল ম্যানেজার/ ফ্যাক্টরী ম্যানেজার/ প্রোডাকশন ম্যানেজার সংশ্লিষ্ট ফ্যাক্টরীর ষ্টোর অফিসার/ষ্টোর ইনচার্জ গণকে সুইং সুতার ব্যবহারে উল্লেখিত সময়ের মধ্যে প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণের নির্দেশ দেয়া গেল। এখানে উল্লেখ্য গার্মেন্টসের এর অর্ডার শেষ হওয়ার পর কোন কোন ষ্টাইল এর সুতা কম/ বেশী হচ্ছে, তাই বড় বড় অর্ডার অনুযায়ী তা গার্মেন্টস প্রোডাকশন চালু হওয়ার ২/৩ দিনের মধ্যে সুতার প্রকৃত হিসাব জানা যাবে।

তাং:১৭.০৪.০৬

হেড অফিস এডমিন ও কমপ্লায়েন্স বিভাগের অনুমোদন ব্যতীত ফ্যাক্টরীর এডমিন ও কমপ্লায়েন্স অফিসারগণকে কোন প্রকার শর্ট লিভ, লিভ না দেয়ার নির্দেশ দেয়া হল।

তাং:০৩.০২.০৫

কোন শ্রমিকের বয়স ১৮ বছরের নীচে কিংবা ডাক্তার কর্তৃক ১৮ বছর নিরুপন করা হয়েছে কিন্তু দেখতে বয়স খুবই অল্প মনে হয় এ ধরনের কোন শ্রমিক ফ্যাক্টরীতে নিয়োগ দেয়া যাবে না। যদি এ ধরনের কোন শ্রমিক ফ্যাক্টরীতে নিয়োগ দেয়া হয় ও এর কারনে যদি বায়ার ফ্যাক্টরী ফেল করান তাহলে এর দায় দায়িত্ব আপনাদেরকে বহন করতে হবে। ফ্যাক্টরী এডমিন ও কমপ্লায়েন্স অফিসারগন তা কঠোরভাবে চেক করবেন ব্যতিক্রম হলে তাত্ক্ষনিক ব্যবস্থা নিবেন।

তাং: ০৩.০২.০৫

ফ্যাক্টরীতে কোন শ্রমিক শারীরিকভাবে অসুস্থ (জ্বর) থাকিলে ডাক্তার/প্যারামেডিকস্ কর্তৃক লিখিতভাবে অসুস্থতা প্রমানিত হওয়া সত্ত্বেও ঐ শ্রমিককে দিয়ে কাজ করানো হয় যাহা কোনক্রমেই গ্রহনযোগ্য নহে। তাই অসুস্থজানত কারনে ডাক্তার বা প্যারামেডিকস্ বিশ্রামের পরামর্শ দিলে তাকে ঐদিনের ছুটি দিতে হবে।

তাং:২০.০৯.০১

১৮ বছরের নীচে কোন শ্রমিককে শুধু ডাক্তারী সার্টিফিকেট বা বিয়ের সার্টিফিকেট দিয়াই কেহ বৈধ করার চেষ্টা করিবেননা। যদি কোন ফ্যাক্টরীতে চাইল্ড লেবার পাওয়া যায় তাহা হলে মনে করা হবে ম্যানেজারগন সঠিকভাবে ফ্লোর পরিদর্শন করিতেছেন না। এব্যাপারে কোন ত্রুটি ধরা পড়লে সংশ্লিষ্ট জিএম/এফএম/পিএম দায়ী থাকবেন।

তাং:১৩.০১.০৫

প্রতিমাসের প্রথম সপ্তাহের মধ্যে গার্মেন্টস এর অর্ডার হতে উদ্বৃত্ত সুতা অব্যবহৃত ও ব্যবহৃত সুতার কোণ আলাদা ভাবে চালান করে পলমল সেন্ট্রাল গোডাউনে পাঠাবেন। মাসের ১৫ তারিখের মধ্যে সেন্ট্রাল গোডাউনের ডিজিএম কোন ফ্যাক্টরী হতে কত কোণ সুতা পেয়েছেন তার একটি প্রতিবেদন ডাইরেক্টর ও সিওও বরাবর পাঠাবেন ও রেকর্ডের প্রয়োজনে ম্যানেজার এডমিন ও কমপ্লায়েন্সকে একটি কপি দেবেন।

পিজিআই/সিএইচও /মেইন্ট/অসিড০২/২০০৮

তাং: ১৫.০৪.০৮

গাড়ি চালানোর সময় অসতর্কতার কারনে বিভিন্ন ধরনের দুর্ঘটনা (ডেন্ট হয়ে যাওয়া, গাড়িতে আচড় লাগা, গ্লাস, ইন্ডিকেটর ভেঙ্গে যাওয়া) ঘটে ফলে গাড়ি ক্ষতিগ্রস্ত হয় এবং কোম্পানী আর্থিক ক্ষতির সম্মুখীন হচ্ছে। তাছাড়া অনেক সময় মূল্যবান জীবনের ক্ষতি হচ্ছে। তাই সকল ড্রাইভারদেরকে অধিকতর সতর্কতা ও ট্রাফিক আইন মেনে গাড়ী চালানোর নির্দেশ দেয়া হল। কোন দুর্ঘটনা ঘটলে এবং তদন্তে ড্রাইভার দোষী প্রমাণিত হলে তার বিরুদ্ধে যথাযথ আইনানুগ ব্যবস্থা গ্রহণ করা হবে। উল্লেখ্য যারা গাড়ী ব্যবহার করেন তারাও ড্রাইভারদেরকে তদারকী করবেন, দুর্ঘটনা পরবর্তী তদন্তে দুর্ঘটনার কারন অনুসন্ধানে তাদের মন্তব্য এবং পর্যবেক্ষণের বিবরণ গ্রহণ করে ব্যবস্থা নেওয়া হবে।

ষ্টোর সংক্রান্ত মিটিং মাইনুটস সমূহ

ম্যানেজারস্ মিটিং

তারিখ ০৯.১১.০৬ ও ১১.১১.০৬

কোম্পানির ওভার লক, ফ্ল্যাটলক ও বারটেক মেশিনের মত দামি মেশিনের মেইনটেন্যান্সের অদক্ষতা ও অব্যবস্থাপনায় দুর করার ক্ষেত্রে কোন প্রকারের অব্যবস্থাপনা অথবা গাফলতি হলে সংশ্লিষ্ট ব্যবস্থাপক ও কর্মচারীকে দায়ী থাকবেন।

পিজিআই/ সিএইচও /এইচ আরএম/ সিআইআর/৮৮

তাং: ২২.০৫.০৮

যেহেতু পলমল গ্রুপের সকল ফ্যাক্টরীর কাটিং/ফিনিশিং সেকশনে একই পরিমান কাজের চাপ থাকেনা তাই এখন থেকে ফ্যাক্টরী প্রধানগণ কর্পোরেট হেড অফিসের সংশ্লিষ্ট কর্তৃপক্ষের অনুমোদন সাপেক্ষে অন্য ফ্যাক্টরীর উৎপাদন যাতে ব্যাহত না হয় সেদিকে দৃষ্টি রেখে এক ফ্যাক্টরীর জন্য প্রয়োজনীয় কাটিং/ফিনিশিং অন্য ফ্যাক্টরী থেকে করাতে পারবেন।

কোয়ালিটি সংক্রান্ত মাইনুটস সমূহ

ম্যানেজার্স মিটিং

তারিখ ০৯.১১.০৬ ও ১১.১১.০৬

খরচ নিয়ন্ত্রণ ও কোয়ালিটি এসিওরেন্স সম্পর্কে বলেন কারখানা ব্যবস্থাপনার গাফিলতি ও তদারকীর অভাবে মানসম্মত পোশাক প্রস্তুত না হওয়ায় অনেক সময় মালামাল রিচেক পড়ে ও পরবর্তীতে রিচেক করতে শিপমেন্টের নির্দিষ্ট তারিখ পার হয়ে যায় তা পরে এয়ার শিপমেন্ট হয়, যাহার খরচ ১০ গুন বেশী। তিনি সকল কারখানা প্রধানকে কারখানার সার্বিক ব্যবস্থাপনার প্রতি দৃষ্টি দেয়ার জন্য ও খরচ নিয়ন্ত্রণের ব্যাপারে কঠোরভাবে নির্দেশ দেন।

ম্যানেজার্স মিটিং

তারিখ ২৯.০৪.০৬ ও ০৩.০৫.০৬

রিচেক ও নিম্নমানের পোশাক উৎপাদনের বিষয়টি অধিকতর গুরুত্ব সহকারে দেখার জন্য বলেন। পূর্বের তুলনায় কারখানা গুলোতে দক্ষ ও অভিজ্ঞ কর্মকর্তা ও অনেক জনবল বৃদ্ধি করা হয়েছে এর উদ্দেশ্য হল smooth & quality production নিশ্চিত করা।

১৯/ ২৬.১১.০৫

কারখানাতে কোয়ালিটি নিশ্চিত করার জন্য নিম্নলিখিত বিষয় সমূহ সর্বকর্তার সাথে পালন ও বাস্তবায়নের পরামর্শ দেন:

১. পিও সিট দেখে কাটিং অর্ডার দেয়া
 ২. সঠিক কনজাম্পশন ও পরিপূর্ণ কাটিং অর্ডারের মাধ্যমে কোন স্টাইলের মালামাল কাটা
 ৩. কারখানা ব্যবস্থাপক ও কাটিং ইনচার্জের মধ্যে কাজের সমন্বয় থাকা
 ৪. কাটিং অর্ডারের আপডেট ফাইল সংরক্ষণ করা
 ৫. সমস্যা চিহ্নিত করে তাহা সংশ্লিষ্ট ব্যক্তিদের সাথে আলোচনা করা।
- অর্ডারের কাটিং এ যাওয়ার আগে অবশ্যই এপ্রভড কাটিং অর্ডার থাকতে হবে, এ অর্ডার কারখানার ব্যবস্থাপক বা উৎপাদন ব্যবস্থাপকের কাছ থেকে যেতে পারে।
 - আমাদের মধ্যে সুদূর প্রসারি কোন প্লানিং নাই আমরা বিচ্ছিন্নভাবে কাজ করছি, আমাদের বিভিন্ন বিভাগ সমূহে দক্ষ লোক আছে আমাদের এখন দরকার পদ্ধতির বাস্তবায়ন। প্রোডাকশন যাতে সাফার না করে সেজন্য আমাদের পি পি মিটিংএ উপস্থিত থাকা বাধ্যনীয়।
 - পিও সিট অবশ্যই কাটিং মাস্টার এর নিকট থাকিবে ও রেশিও অনুযায়ী মালামাল কাটিং করার পরামর্শ দেন। কোন অর্ডারে কোন কালার কাটা হবে তাহার সংশ্লিষ্ট কারখানার উৎপাদন ব্যবস্থাপক, কারখানা ব্যবস্থাপক এপ্রভড স্বাক্ষর করিবেন। সকলকে নিম্নলিখিত বিষয় সমূহের উপর বিশেষভাবে মনোযোগ দেয়ার পরামর্শ দেনঃ
 - টিম বিল্ডিং ও ডেভেলপমেন্ট
 - ওয়ার্কার পারফরমেন্স এসেসমেন্ট
 - লাইন সেট আপ
 - লিডারশিপ
 - কোর্ডিনেশন
 - অথরিটি ডেলিগেশন
 - এমপন্টরী মূল্যায়নের হেডিং সিস্টেম
 - সিস্টেম ডেভেলপমেন্ট
 - অফিসে পারিবারিক কাজ না করে দক্ষতা বৃদ্ধির পরামর্শ দেয়া হয়। কাজে কর্মে দ্রুত পরিপাকতা অর্জন করতে পারলে ও যথাযথভাবে কাজ করলে আপনি আপনার কর্মজীবনে জয়লাভ করতে পারবেন।
 - অত্র গ্রুপে কেরিয়ার ডেভেলপমেন্ট এর বিষয়ে নিম্নোক্ত বিষয়গুলোর প্রতি খেয়াল রাখা উচিত
 - পলমলের নিয়মকানুন অনুসরণ করতে হবে
 - সঠিকভাবে অফিস ডকুমেন্ট সংরক্ষণ করতে হবে
 - সেলফ মডিভিটেড হতে হবে
 - অফিসের কাজের সময় সদ্যবহার করতে হবে
 - অলসতা পরিহার করে নিষ্ঠার সাথে কাজ করতে হবে

Compliance is the gate keeper of the business তাই কম্পন্টায়ন্স অনুযায়ী কাজ করতে হবে, বায়ারের কাছে কম্পন্টায়ন্স অত্যন্ত গুরুত্বপূর্ণ, কাউন্সিলরগণদের কমপ্লায়েন্সের উপর গুরুত্ব দিয়ে কাউন্সিলিং করতে হবে।

কোয়ালিটি এ্যাসিওরেন্স মিটিং

তারিখঃ ১৮.০৩.০৬

জনাব সাজ্জাদুল করিম, ডাইরেক্টর এ্যান্ড সিওও নিম্ন লিখিত বিষয় নিয়ে আলোচনা করেনঃ

- কারখানা সমূহে কিউ এ লোকের সাথে পি এম, এফ এম, ডিজিএম এবং জিএম দের সঠিক ও কার্যকর সমন্বয়হীনতার অভাবে গার্মেন্টেসের কোয়ালিটি খারাপ হচ্ছে। আধুনিকতার উৎকর্ষতার এ যুগেও আমাদের কোয়ালিটি ম্যানেজারগন গতানুগতিক চিন্তাধারায় ব্যবস্থাপনা চালাচ্ছেন ফলে তারা প্রতিযোগিতায় পিছিয়ে পড়ছেন। উপস্থিত সকলকে তাদের পুরাতন ধ্যান ধারণাকে পাল্টিয়ে আধুনিক ব্যবস্থাপনা নিশ্চিত করার পরামর্শ দেন।
- বেশীরভাগ কিউএ ম্যানেজার/ইনচার্জদের কোয়ালিটির সাধারণ ও মৌলিক বিষয়গুলোর উপর সঠিক ধারণা, সচেতনতা ও মনোযোগ নাই। কোয়ালিটি নিশ্চিত করার জন্য ফ্যাক্টরিতে দক্ষ শ্রমিক ও দক্ষ কোয়ালিটি কন্ট্রোলার তৈরী, প্রয়োজনীয় মেশিন রক্ষনাবেক্ষন নিশ্চিতকরন, সঠিক রিপোর্টিং সিস্টেম, প্রোডাকশন ও কোয়ালিটি লোকদের সমন্বয়, নিয়মিত রিপোর্টগুলো দেখা ও ফলোআপ করা এবং নিয়মিত ফিনিশিং সেকশনে কার্টুনকৃত মালের অডিট করার ব্যাপারে কারও কোন মনোযোগ নাই অতএব তিনি এব্যাপারে সকলকে হুশিয়ারি করে দিয়ে সকলকে নিম্নলিখিত বিষয়গুলো নিশ্চিত করার নির্দেশ দেন :

১. কোন অর্ডার লাইনে ঢুকার কমপক্ষে ৩ দিন আগে অর্ডারটি সম্পর্কে ম্যানেজার হতে প্রয়োজনীয় তথ্য নিয়ে করণীয় সম্পর্কে মানসিক প্রস্তুতি নিবেন।
 ২. কমপক্ষে তিন দিন আগে ফেব্রিক ও এক্সেসরিজ গোডাউন হতে গ্রহন করে এবং তাহা চেক করে কোয়ালিটি নিশ্চিত করিবেন।
 ৩. হেড অফিস হতে কনজাম্পশন নিশ্চিত করতে হবে।
 ৪. ছোট একটি কাটিং দিয়ে সংশ্লিষ্ট সকলকে নিয়ে পুনরায় কোয়ালিটি নিশ্চিত করতে হবে।
 ৫. ম্যানেজার ও সুপারভাইজারকে নিয়ে সঠিক মেশিন লে-আউট দিতে হবে ও সাইজসেট তৈরী করে বায়ারের অনুমোদন নিয়ে সংশ্লিষ্ট ম্যানেজার, সুপারভাইজার ও কোয়ালিটি কন্ট্রোলারদেরকে কি কি কোয়ালিটি নিশ্চিত করতে হবে সে সম্বন্ধে সবাইকে ধারণা দিতে হবে।
 ৬. সাইজসেট বায়ারের নিকট পাঠাইবার পূর্বে প্রোডাকশন ম্যানেজারকে সঙ্গে নিয়ে তাহা চেক করে বায়ারের নিকট পাঠাতে হবে, এ কাজটি অন্য কাউকে দিয়ে করানো যাবেনা।
 ৭. ছোট একটি কাটিং দিয়ে সংশ্লিষ্ট সকলকে নিয়ে পুনরায় কোয়ালিটি নিশ্চিত করতে হবে।
 ৮. প্রাথমিক কাটিং এর মালটি লাইনে চলাকালীন প্রতিটি অপারেশনে সঠিক অপারেটর ও সঠিক মেশিন সরবরাহ নিশ্চিত করতে হবে।
 ৯. কঠিন অপারেশন গুলিতে নিবিড়ভাবে তদারকি করতে হবে প্রয়োজনে টিমের সংগে আলোচনা ও যোগাযোগ করতে হবে দরকার হলে লাইনচীফ ও পি এম এর নিকট প্রয়োজন সহযোগিতা নিতে হবে।
 ১০. কোয়ালিটি কন্ট্রোলারদের রিপোর্টগুলি নিয়মিত দেখা ও তাতে স্বাক্ষর করা ও রিপোর্ট অনুযায়ী যথাযথ ব্যবস্থা নেয়া।
 ১১. ফিনিশিং এ কোয়ালিটি একইভাবে নিশ্চিত করতে হবে।
 ১২. পলিকৃত মাল ও দৈনিক ভিত্তিতে কার্টুনকৃত মাল নিজে বা দক্ষ কোয়ালিটি কন্ট্রোলার দ্বারা অডিট করে সেই কার্টুনগুলিকে নাম্বারিং করে স্বাক্ষরকরে উহা সিল করতে হবে যাতে শিপম্যান্ট এর দিন সমস্ত মালামাল কোন কারনে রিচেক না পড়ে।
 ১৩. অর্ডারের প্রাথমিক অবস্থা হতে কোন কারনে মনে হয় যে, সঠিক কোয়ালিটি নিয়ন্ত্রন হচ্ছে না তাহলে রিপোর্টে তাহা অবশ্যই লিখিতভাবে উল্লেখপূর্বক প্রোডাকশন ম্যানেজার/ জিএম/ ডিভিশনাল মার্শেভাইজিং ম্যানেজার বা প্রয়োজনে ডাইরেক্টর ও সিওও এমনকি এমডি সাহেবের জ্ঞাতার্থে জানাতে হবে, ইহার অন্যথা যাতে না হয়।
- পোষাকের কোয়ালিটি উন্নত করিতে হলে কারখানার কিউ এ দের ট্রেনিং দিতে হবে।
 - হেড অফিস কিউ এ দের কাজের জবাব দিহিতা নিশ্চিত করতে হবে। কোয়ালিটি নিম্মানের হওয়ার পিছনে হেড অফিস কিউ এ দের গাফিলতি সবচেয়ে বেশী, সকলকে সতর্ক করা হয় বলা হয় আগামীতে এই ধরনের গাফিলতি সহ্য করা হবে না
 - হেড অফিস কিউ এ গন কারখানায় গিয়ে গতানুগতিক ছোট ছোট দুই/একটি সমস্যা নিয়ে একখানা দায়সারা গোছের রিপোর্ট প্রদান করেন, তারা সমস্যার গভীরে যাননা শুধু মৌখিকভাবে সংশ্লিষ্ট মার্শেভাইজারকে জানিয়ে ক্ষান্ত হন।
 - কারখানা কিউ সি গনের সহিত হেড অফিস কিউ এ দের মিটিং করে তাদেরকে তাদের দায়িত্ব সম্পর্কে সচেতন করার জন্য জি এম-কিউ এ কে নির্দেশ দেয়া হয় ও মিটিং এর সিদ্ধান্ত সমূহ অক্ষরে অক্ষরে পালন করার নির্দেশ দেয়া হয়।

কোয়ালিটি এসিওরেন্স মিটিং
তারিখঃ ১৬.০৭.০৫ ও ৩১.০৭.০৫)

জনাব সাজ্জাদুল করিম, ডাইরেক্টর এ্যান্ড সিওও নিম্নলিখিত বিষয় নিয়ে আলোচনা করেনঃ

- সকলক্ষেত্রে সৃষ্টভাবে ও পদ্ধতিগতভাবে কার্য সম্পাদনের জন্য সঠিক পরিকল্পনা, কোর্ডিনেশন, কমুনিকেশন, মোটিভেশন ও টিম ম্যানেজমেন্ট এর গুরুত্ব ও প্রয়োজনীয়তা সম্পর্কে সকলকে ব্যাপক ধারণা দেন। সকল ক্ষেত্রে সঠিক ব্যবস্থাপনার কোন বিকল্প নাই। পদ্ধতিগত ব্যবস্থাপনাই সর্বোচ্চ প্রোডাকশন এর মূল চাবিকাঠি।
- অফিস হতে বিভিন্ন সময়ে জারিকৃত প্রোডাকশন ম্যানেজমেন্ট সম্পর্কিত অফিস আদেশ সমূহ ফলোআপ ও সঠিক বাস্তবায়নের জন্য সকলকে নির্দেশ দেয়া হয়। বায়ার কর্তৃক রিজেক্ট মালামাল সমূহ সঠিকভাবে যথাস্থানে সংরক্ষণ ও হিসাব রাখার ব্যাপারে অধিকতর গুরুত্ব প্রদান করা হয়। তৈরীকৃত মালামালের মান উন্নয়নে সতর্ক দৃষ্টি রাখার জন্য সকলকে কঠোরভাবে নির্দেশ দেয়া হয়।

জনাব মুনির, ডাইরেক্টর-কিউ এ নিম্নলিখিত বিষয় নিয়ে আলোচনা করেনঃ

- কাটিং হতে ফিনিশিং পর্যন্ত মালামালের সাইজ অনুযায়ী সঠিক প্রসেস অনুসরণ করে উহার হিসাব কিভাবে সংরক্ষণ করা যায় তা বর্ণনা করা হয়। কারখানা সমূহে এই সকল প্রসেস কার্যকর না করার জন্য সংশ্লিষ্ট সকলকে দায়ী করা হয়।
- সংকটময় সমস্যায় দ্রুত যোগাযোগ ও কোন গুরুত্বপূর্ণ সংবাদ সঠিক সময়ে প্রদান করাটা অত্যন্ত জরুরী ও এতে সমস্যাটি বড় আকার ধারণ করার আগেই দ্রুত সমাধানের ব্যবস্থা নেয়া যাবে ও কোম্পানী ব্যাপক আর্থিক ক্ষতির সম্মুখীন হতে রক্ষা পাবে।
- কারখানার কিউ সি সম্পর্কিত সকল তথ্য প্রতিদিন হেড অফিসে দাখিল করার জন্য সকলকে পরামর্শ দেয়া হয়। উৎপাদিত পণ্যের মান সম্পর্কিত যাবতীয় সমস্যার ব্যাপারে প্রথমে সংশ্লিষ্ট কারখানার প্রধান-এর সাথে আলোচনা করতে হবে। প্রধান কার্যালয়ে জানানোর পূর্বে তারা নিজেরা আগে সেই সমস্যা সম্পর্কে ভালভাবে জানবেন তারপর ডাইরেক্টর-কিউ এ কে জানাবেন, কোন মালের কমপক্ষে ১০%-১৫% চেক করে আর কোন নিম্ন কোয়ালিটির মাল সংশ্লিষ্ট শিপম্যান্টে নাই এ মর্মে নিশ্চিত হতে হবে।

কোন কাপড় ধোয়ার পরে কতটুকু কমে, কাপড় সেলাই করার পূর্বে তাহা ধোয়ার প্রয়োজন আছে কিনা সেই সম্পর্কে অত্যন্ত তীক্ষ্ণ দৃষ্টি রাখার জন্য বলেন। কোন ফ্যাক্টরীতে যদি কোয়ালিটি বা শর্ট শিপমেন্ট জনিত সমস্যা হয় এ ব্যাপারে কোয়ালিটি কন্ট্রোলারের চেকিং ও রিপোর্টে দুর্বলতা ও নিষ্ক্রিয়তা পরিলক্ষিত হলে তার বিরুদ্ধে কঠোর ব্যবস্থা নেয়া হবে।

কোয়ালিটি এসিওরেন্স মিটিং
তারিখঃ ২৩.১০.০৫ ও ২১.১০.০৫

জনাব সাজ্জাদুল করিম, ডাইরেক্টর এ্যান্ড সিওও নিম্ন লিখিত বিষয় নিয়ে আলোচনা করেনঃ

হেড অফিস কিউ সি ও কারখানা কিউসিদের ও কারখানা কিউসিদের মধ্যে কাজের সমন্বয়হীনতা ও যোগাযোগের অভাবের কারনে ও অসতর্কতার দরুন বায়ারগনের চাহিদা মাফিক মান সম্মত পোষাক উৎপাদন না হওয়ায় মালামাল বারবার রিচেক হয়। এতে কোম্পানীকে আর্থিক ক্ষতির সম্মুখীন হতে হচ্ছে ও শিপমেন্ট পিছিয়ে যাওয়ার কারনে কোম্পানীর সুনাম ক্ষুণ্ণ হচ্ছে, তিনি পেশাকের মান উন্নয়নে নিম্ন লিখিত নির্দেশ দেনঃ

১. প্রধান কার্যালয় ও কারখানার কিউসি লোকদের মধ্যে সমন্বয় ও যোগাযোগ বাড়াতে হবে।
২. কোন অর্ডারের উৎপাদন শুরু করার পূর্বে সংশ্লিষ্ট দায়িত্বপ্রাপ্ত কর্মকর্তা তার নির্ভুল স্যাম্পল সরবরাহ করতে হবে।
৩. কিউসি ম্যানেজারগন তার অধিনস্থ কর্মকর্তাদের সঠিকভাবে নিয়ন্ত্রণ করবেন, তারা তাদের নিকট হতে তাদের কর্মকর্তা সম্পর্কে ফিডব্যাক নিবেন ও তাদের সমস্যা সমাধানের ব্যাপারে দ্রুত ব্যবস্থা গ্রহণ করবেন, প্রয়োজনে তারা জিএম-কিউ সি এর সাথে যোগাযোগ করবেন।
৪. কিউসি ম্যানেজারগন তাদের নিজেদের দায়িত্ব-কর্তব্য ও করণীয় সম্পর্কে ও তার অধিনস্থ কর্মকর্তাদের দায়িত্ব-কর্তব্য ও করণীয় সম্পর্কে জানতে হবে। অদক্ষ ও অযোগ্য লোকদের ব্যাপারে জিএম-কিউ এ এর কাছে রিপোর্ট দাখিল করতে হবে। কিউ সি ম্যানেজারগন প্রতিদিন কারখানার কিউসি সংক্রান্ত রিপোর্ট প্রধান কার্যালয়ে দাখিল করবেন ও যে কোন গুরুত্বপূর্ণ সমস্যার ব্যাপারে সরাসরি জিএম কিউ এ কে জানাবেন।
৫. যে কারনে কোয়ালিটি জনিত সমস্যা হচ্ছে তাহা চিহ্নিত ও বিশ্লেষণ করে সমস্যা সমাধানের পথ খুঁজে বের করতে হবে।

জনাব এএএম মুনির, ডাইরেক্টর-কিউএ নিম্ন লিখিত বিষয় গুলো কঠোরভাবে অনুসরণ করার জন্য নির্দেশ দেনঃ

১. ফেব্রিক ইন্সপেকশন রিপোর্ট গ্রহণযোগ্য রেঞ্জে আছে কিনা তাহা সুক্ষ্মভাবে পর্যালোচনা করতে হবে, যদি না থাকে তাহলে তা কাটিং এর পূর্বে সতর্কতামূলক ব্যবস্থা নিতে হবে।
২. কিউ সি ম্যানেজারগন ও ফেব্রিক ইন্সপেকশন ইনচার্জ সম্মিলিতভাবে স্টোরএ কর্মরত কর্মকর্তা/ কর্মচারীদের ফেব্রিক এর ব্যাপারে সচেতন করবে। ফেব্রিক ডায়ালট সিস্টেম অনুযায়ী রাখার ব্যবস্থা করতে হবে।

কিউ সি ম্যানেজার/কিউসি ইনচার্জ/কিউসিগনের কোন ত্রুটি বা গাফিলতির কারণে যদি শিপমেন্ট বাতিল বা রিচেক করতে হয় তবে যে সকল কারণে শিপম্যান্ট বাতিল বা রিচেক হয়েছে সেই সকল বিষয় সমূহ পূর্বেই রিপোর্টে উল্লেখ করা হয়েছিল কিনা তা ক্ষতিয়ে দেখা হবে ও রিপোর্টে তার উল্লেখ না থাকলে দায়ী ব্যক্তিদের বিরুদ্ধে উপযুক্ত ব্যবস্থা গ্রহন করা হবে।

কোয়ালিটি এসিওরেন্স মিটিং

তারিখঃ ১২.১২.০৫ ও ১৩.১২.০৫

- হেড অফিস কিউ এ ম্যানেজার/ কিউ এ দের সাথে কারখানার কিউ এ টিমের কর্মকান্ডের সমন্বয়ের উপর ভিত্তি করে তাদের কর্মদক্ষতা ও যোগ্যতা মূল্যায়ন করা হবে।
 - হেড অফিস কিউ এ ম্যানেজার / কিউ এ গন কারখানার লে-আউট পর্যবেক্ষন করবেন, সঠিক অপারেটর সঠিকস্থানে আছে কিনা, মেশিন ত্রুটিপূর্ণ কিনা ইত্যাদি নজরদারি করবেন ও সর্বোপরি কারখানা কিউ সি দের কাজের বিশেষ তদারকি করবেন।
 - উৎপাদন চলাকালীন মাঝামাঝি সময়ে কিউ সিগন মালের ইন্ডেন্টরী করবেন যাতে শিপমেন্টের সময় মাল ঘাটতির মত বিব্রতকর পরিস্থিতির সৃষ্টি না হয় সেই ব্যাপারে সকলকে সতর্ক থাকার জন্য নির্দেশ প্রদান করেন।
 - স্টোর ডিপার্টমেন্ট যেন ডায়িং ফ্যাক্টরী গুলোকে প্রধান কার্যালয় থেকে এনলিষ্ট করে নেয় এতে ডায়িং কোয়ালিটি নিশ্চিত করা যাবে। বিশেষ প্রয়োজনে কোন ট্রিম ডাইং করতে হলে তাহা যেন সংশ্লিষ্ট মার্চেন্টাইজারকে ও জিএম-থ্রোডাকশন প্লানিংকে অবহিত করেন।
 - কিউ সি ম্যানেজার/ইনচার্জগন দায়িত্ব নিয়ে গ্রহনযোগ্য ডিসপুট/প্রবলেম মেনে নিবেন তবে কোন মতেই রিস্ক নেয়া যাবেনা।
 - হেড অফিস কিউ এ ম্যানেজার/ কিউ সি গন কারখানার কিউ সি টিমকে প্রশিক্ষন দিবেন ও কেস টু কেস পরামর্শ দিবেন।
 - কোয়ালিটি সেকশনের কাজ ফেব্রিক থেকে শুরু করে মেশিন, টুলস, অপারেটর এমনকি লে-আউট সবকিছুতেই সংশ্লিষ্ট। সকল কিউসিগন এসকল ক্ষেত্রে প্রতিটি বিষয় পর্যবেক্ষন করবে ও প্রয়োজনীয় ভূমিকা রাখবে।
 - ওয়ালমার্ট এর গার্মেন্টস শিপমেন্টের আগে ৭০-৮০% গার্মেন্টস প্যাকিং হওয়ার পর প্রি-ফাইনাল অডিট করতে হবে।
 - প্রত্যেক কিউ সি ইনচার্জদের সবগুলো প্রসেস রেনডমলি ও সবগুলো স্টেপ চেক করতে হবে।
 - স্টোর সেকশন থেকে ডায়লট মিলিয়ে যে মাল ডেলিভারী হচ্ছে সে অনুযায়ী মাল না পেলে অবশ্যই হেড অফিসে জানাতে হবে।
- থ্রোডাকশন একাউন্টেন্টগন কোয়ালিটি এসিওরেন্স মিটিং ও ম্যানেজারস মিটিং এ উপস্থিত থাকতে হবে।

থ্রোডাকশন সংক্রান্ত সিদ্ধান্ত

- সাইজসেট বায়ারের নিকট পাঠাইবার পূর্বে থ্রোডাকশন ম্যানেজারকে সঙ্গে নিয়ে তাহা চেক করে বায়ারের নিকট পাঠাতে হবে, এ কাজটি অন্য কাউকে দিয়ে করানো যাবেনা।
- প্রাথমিক কাটিং এর মালটি লাইনে চলাকালীন প্রতিটি অপারেশনে সঠিক অপারেটর ও সঠিক মেশিন সরবরাহ নিশ্চিত করতে হবে।
- কঠিন অপারেশন গুলিতে নিবিড়ভাবে তদারকি করতে হবে প্রয়োজনে টিমের সংগে আলোচনা ও যোগাযোগ করতে হবে দরকার হলে লাইনচীফ ও পি এম এর নিকট প্রয়োজন সহযোগীতা নিতে হবে।
- কোয়ালিটি কন্ট্রোলদের রিপোর্টগুলি নিয়মিত দেখা ও তাতে স্বাক্ষর করা ও রিপোর্ট অনুযায়ী যথাযথ ব্যবস্থা নেয়া।

মনিটরিং এবং সুপারভিশন

ম্যানেজারস মিটিং তারিখ ০৯.১১.০৬ ও ১১.১১.০৬

- কোন অর্ডারের কাজ শুরু হওয়ার সাথে সাথে কোনভাবেই মালামাল যত্রতত্র ফেলে রাখা যাবেনা, এ ব্যাপারে একটি টিম গঠন করে তাদের দায়িত্ব প্রদান করার নির্দেশ প্রদান করেন।
- বুটের বস্তার ভিতরে ক্লিনার ও নিরাপত্তা প্রহরীদের যোগসাজশে তৈরী পোশাক ও ভাল ফেব্রিক রাখা হয়, বুট জমা করার সময় যথাযথভাবে নিরাপত্তা কর্মকর্তা কর্তৃক চেক করে তারপর জমা করার নির্দেশ দেন।
- কারখানার বহিস্কৃত শ্রমিকেরা আশেপাশের কারখানায় কাজ নিয়ে আমাদের কারখানার শ্রমিকদের উস্কানী দিয়ে গন্ডগোল বাধানোর তাতে থাকে। যাতে তারা এ ধরনের সুযোগ না পায় তার জন্য বহিস্কৃত শ্রমিকের নাম সহ তালিকা পাশের কারখানায় প্রদান করার নির্দেশ দেন।

ম্যানেজার্স মিটিং

তারিখ ২৯.০৪.০৬ ও ০৩.০৫.০৬ এবং ২৯.০৪.০৬ ও ০৩.০৫.০৬

বায়ারগন এখন আর সিডিউল মাসিক কারখানা পরিদর্শন করিবেন না তারা এখন অঘোষিত পরিদর্শন করিবেন, কারখানার কোন সমস্যা চিহ্নিত হলে ঐ কারখানার প্রধানকেই দায়ী করা হবে তাই আপনারা নিজ নিজ কারখানার সকল কর্মকর্তা ও কর্মচারীকে সঠিক নির্দেশনা প্রদান করবেন।

কারখানার এইচ আর ও কমপ্লায়েন্স ইস্যুর জন্য শুধু এইচ আর ও কমপ্লায়েন্স অফিসারগন দায়ী নয়, এটি কারখানা প্রধানগনের অন্যতম দায়িত্ব। কারখানাতে কোন দুর্ঘটনা হলে কারখানার কোন কর্মকর্তা উহার ব্যাপারে কোন কিছু প্রকাশ করিতে চাননা এমনকি জানতে চাইলে বলেন ঘটনার সময় আমি ছিলামনা বা অসুস্থ ছিলাম। কারখানায় ছোট কোন ঘটনা হলে অফিসারগন সবার আগে অফিস ত্যাগ করেন যা অত্যন্ত দুঃখ জনক ও দায়িত্বহীনতার পরিচয়, শুধু নিজের স্বার্থে নয় কোম্পানীর স্বার্থে আপনার দায়িত্ব নিজ দায়িত্বে পালন করবেন। ম্যানেজার ও তার সহকারী বা তার কোন স্টাফ কোন দুর্ঘটনা বা অপ্রীতিকর পরিস্থিতিতে পড়িলে সমস্ত স্টাফগন একযোগে পরিস্থিতির মোকাবিলায় আগাইয়া আসা আপনাদের দায়িত্ব পালনের পূর্ব শর্ত। ব্যবস্থাপকগন ইহা নিশ্চিত করিবেন।

এখন থেকে কারখানা প্রধানগন কোন স্টাইল আরম্ভ হবার পূর্বে ঐ স্টাইলের এক্সেসরিজ নিশ্চিত করবেন ও এক্সেসরিজের সঠিক ইনভেন্টরি করবেন।

রেকর্ড কিপিং

ম্যানেজার্স মিটিং (তারিখঃ ০২.০২.০৬ ও ০৪.০২.০৬)

প্রধান কার্যালয় হতে প্রেরিত বিভিন্ন সার্কুলার, মেমো, অফিস আদেশ ইত্যাদি জরুরী গুরুত্বপূর্ণ ও সিদ্ধান্তসমূহ কারখানার ব্যবস্থাপকগন নিজেরাতো পড়ে দেখেননা এমনকি অধীনস্ত কর্মকর্তাদের নিকটও তাহা সার্কুলেট করেননা, ফলে কোম্পানীর বিভিন্ন পলিসি, নিয়ম-কানুন ইত্যাদি বিষয় সম্পর্কে তারা অজ্ঞাত থাকেন যার কারনে কারখানার ব্যবস্থাপনার উন্নয়ন করা তাদের পক্ষে সম্ভব হয়না। এ ব্যাপারে সকলকে মনোযোগী হওয়ার নির্দেশ দেয়া হয়।

এখন থেকে কারখানার ব্যবস্থাপক ও কারখানার প্রধানগন তাদের সংশ্লিষ্ট কারখানার উৎপাদন খরচ নিরূপন করবেন ও কিভাবে মিনিমাম উৎপাদন খরচ ও অপটিমাম প্রোডাকশন দেয়া যায় সে বিষয়ে পরিকল্পনা করবেন, প্রোডাকশন খরচ কমানোর পাশাপাশি কারখানার আয় ব্যয়ের হিসাব সংরক্ষন করিবেন ও সে অনুযায়ী প্লান তৈরী করিবেন। এ বিষয়ে কারখানার শ্রমিক কর্মচারীদের বেতনভাতা, ওভারটাইম, বোনাস, পেটি ক্যাশ, ফ্লোর ভাড়া, পানি, বিদ্যুৎ, গ্যাস বিল, সিকিউরিটি খরচ, হেড অফিস হতে সরবরাহকৃত স্টোর সামগ্রীর মূল্য, মেশিনারী ডেপ্রিসিয়েশন খরচ, ওয়েলফেয়ার/রিক্রিয়েশন খরচ ও লাইসেন্স নবায়ন সহ সমুদয় খরচ মিলে তার লাইন প্রতি দৈনিক খরচ ও সাবকন্ট্রাস্ট রেট অনুযায়ী তার আয়ের দৈনিক ও মাসিক হিসাব তার রেকর্ডে রাখিবেন।

প্রত্যেক কারখানার আগত সকল চিঠিপত্র/ অফিস বিজ্ঞপ্তি/ সার্কুলার ইত্যাদি সঠিকভাবে সংরক্ষন করতে হবে। কারখানার প্রক্সিমিটি রিপোর্ট সঠিক পদ্ধতিতে সংরক্ষন করার জন্য ফ্যাক্টরী এইচ আরকে দায়িত্ব দেয়া হয়। রিজাইন দেয়া কর্মীদের ক্ষেত্রে আইডি কার্ড ফেরত নিয়ে তাদের সেপারেশন ডকুমেন্টে, বেতন স্লিপ/ নিয়োগ পত্র একই ধরনের স্বাক্ষর গ্রহন করতে উপদেশ দেন।

উপসংহার: ইনডাকশন বুকলেটে প্রদত্ত যাবতীয় তথ্য প্রত্যেক কর্মকর্তার জন্য অত্যন্ত গুরুত্বপূর্ণ। সুতরাং এই বুকলেটটি যত্ন সহকারে পড়া এবং গুরুত্বপূর্ণ অংশ মনে রাখা ও প্রদত্ত নির্দেশনা সমূহ মেনে চলা নৈতিক দায়িত্ব হিসেবে বিবেচিত হবে।

INDUCTION BOOKLET T & OD DEPARTMENT